১৬ পাতার সংখ্যা

দাম : ৫ টাকা

# কর্মসংস্থান

www.karmosangsthan.com

Vol. 36 ■ Issue No. 1 ■ 7th January 2023 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

ভর্তি চলছে

10th, 12th, BA, MA, B.Sc., M.Sc., B.Com., M.Com., B.LiSc.
B.Ed., B.P.Ed., M.Ed., M.P.Ed., D.El.Ed., LLB, LLM
D.Pharmacy, B.Pharmacy, Paramedical, GNM / B.Sc. Nursing
BBA, BCA, MBA, MCA, B.Tech, M.Tech, Ph.D www.haldargroup.org
HALDAR GROUP (সোনারপুর) Admission 6294181779
GOVT. REG. No. : IV-1903-00118/2022 Franchisee 7003323135

## সাঁতরাগাছি, খড়গপুর, আদ্রা, রাঁচি, চক্রধরপুর ওয়ার্কশপে

# দক্ষিণ-পূর্ব রেলে ১,৭৮৫ অ্যাপ্রেন্টিস

**মাধ্যমিক ও আই.টি.আই থেকে পাশ**

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** দক্ষিণ-পূর্ব রেলের খড়গপুর, চক্রধরপুর, আদ্রা, রাঁচি ডিভিশন ও সিনি ওয়ার্কশপে 'অ্যাপ্রেন্টিস' হিসাবে ১,৭৮৫ জন ছেলেমেয়ে নিচ্ছে। নেওয়া হবে এইসব ট্রেডে : ফিটার, টার্নার, ইলেক্ট্রিশিয়ান, ওয়েল্ডার, মেশিনিস্ট, মেকানিক (ডিজেল), পেইন্টার, রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. মেকানিক, লাইনম্যান, ওয়াইন্ডার, কার্পেন্টার, কেবল জয়েন্টার, কোর্জার অ্যান্ড হিট ট্রিটার। কারা কোন ট্রেডের জন্য যোগ্য।

**শিক্ষাগত যোগ্যতা :** কোনো স্বীকৃত পর্ষদ বা, বিশ্ববিদ্যালয় থেকে মোট অন্তত ৫০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশ ছেলেরা এন.সি.ভি.টি.'র অনুমোদিত আই.টি.আই. থেকে

এরপর ৭ পাতায়

নতুন ব্যাচে ভর্তি চলছে
ICE Academy
WBCS'24 SSC
General Combined
PSC-JE (EE, ME, CE)
বালিগঞ্জ কেন্দ্র
9804412898
7044517509

# ১,৪৫৮ টাইপিস্ট ও স্টেনো কেন্দ্রীয় সুরক্ষা বাহিনীতে

**উচ্চমাধ্যমিক ছেলেমেয়ের জন্য**

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি :** সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স 'হেড কনস্টেবল (মিনিস্ট্রিয়াল)' ও 'অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর (স্টেনোগ্রাফার গ্রেড-।।।)' পদে ১,৪৫৮ জন ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**হেড কনস্টেবল (মিনিস্ট্রিয়াল) : শিক্ষাগত যোগ্যতা :** যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩৫টি শব্দ তোলার গতি থাকলে আবেদন করতে পারেন। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা।

শূন্যপদ : ১,৩১৫টি (জেনাঃ ৫৩২, ও.বি.সি. ৩৫৫, তঃজাঃ ১৯৭, তঃউঃজাঃ ৯৯, ই.ডব্লু.এস. ১৩২)।

**অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর (স্টেনোগ্রাফার) : শিক্ষাগত যোগ্যতা :** যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ইংরিজি শর্টহ্যান্ডে মিনিটে অন্তত ৮০টি শব্দ

এরপর ৫ পাতায়

কর্মসংস্থান
৩৬
বছরে পা দিল
পাঠক-পাঠিকা, বিক্রেতা, বিজ্ঞাপনদাতা ও শুভানুধ্যায়ীদের শুভেচ্ছায়

# এবার প্রাইমারির টিচারের ইন্টারভিউয়ে ক্লাস নিতে হবে

## আরো ৪ জেলার ইন্টারভিউ ১০ থেকে ১৪ জানুয়ারি

**রঞ্জিৎ ঘোষ, কলকাতা :** প্রাথমিকের প্রথম পর্যায়ের পর দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ ও পঞ্চম পর্যায়ের ইন্টারভিউয়ের তারিখ ঘোষণা করল পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ। প্রথম শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত স্কুলে 'প্রাইমারি টিচার' পদে ১১,৭৬৫টি শূন্যপদে 'টেট' পাশ প্রার্থীদের জন্য প্রথম পর্যায়ে

এরপর ৫ পাতায়

# বর্ডার রোডস অর্গানাইজেশনে

# ৫৬৭ অপারেটর, ড্রাইভার, ভেহিকল মেকানিক, গ্রুপ 'ডি'

**মাধ্যমিক, আই.টি.আই পাশ ছেলেদের**

**নিজস্ব সংবাদদাতা, পুণে :** কেন্দ্রীয় সরকারের সড়ক পরিবহণ ও জাতীয় সড়ক মন্ত্রকের অধীন বর্ডার রোডস অর্গানাইজেশনের জেনারেল রিজার্ভ ইঞ্জিনিয়ার ফোর্স 'ভেহিক্যাল মেকানিক', 'ড্রাইভার মেকানিক্যাল ট্রান্সপোর্ট (অর্ডিনারি গ্রেড)', 'অপারেটর কমিউনিকেশন', 'মাল্টি স্কিল্ড ওয়ার্কার পেইন্টার', 'মাল্টি স্কিল্ড ম্যাসন', 'মাল্টি স্কিল্ড ওয়ার্কার ড্রিলার' ও 'মাল্টি স্কিল্ড ওয়ার্কার মেস ওয়েটার' পদে ৫৬৭

এরপর ১৪ পাতায়

বেরিয়েছে

সব চাকরি পরীক্ষার Current Affairs-এ আসবেই, এমনভাবে প্রশ্নোত্তর আকারে সাজিয়ে, বেরোল

সাফল্য

২১২ পাতার বিশেষ সংখ্যা

ফিরে দেখা ২০২২

আর কয়েকদিনের মধ্যে বেরোবে ২০২৩ সালের WBCS-এর বিজ্ঞপ্তি। তাই এখন থেকেই চালু হল

স্পেশাল WBCS ম্যানুয়াল

এছাড়াও বেরলো

কেন্দ্রীয় ৮ বাহিনীর কনস্টেবল পরীক্ষার কয়েকশো প্রশ্নোত্তরের সেট

না পেলে সরাসরি যোগাযোগ করুন : 9830624170

# কলকাতা পুর নিগমে ৭৫ সাব-ওভারসিয়র

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** কলকাতা পুর নিগমে কাজের জন্য 'সাব-ওভারসিয়র' পদে ৭৫ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে।

**শিক্ষাগত যোগ্যতা :** মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। উচ্চশিক্ষাগত যোগ্যতা থাকলেও আবেদন করতে পারেন।

**বয়স:** বয়স হতে হবে ১-১-২০২২'র হিসাবে ৪০ বছরের

এরপর ১৬ পাতায়

৮ বাহিনীর
লিখিত পরীক্ষায় সফল পরীক্ষার্থীদের দিয়ে তৈরি করা মডেল প্রশ্নোত্তর (সম্পূর্ণ ব্যাখ্যা সহ) পেতে আজই যোগাযোগ করুন
এই নম্বরে :
9830624170

ভেতরের পাতায় : ৮ কেন্দ্রীয় বাহিনীর কনস্টেবল পদের পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
■ রাষ্ট্রীয় কেমিক্যাল ফার্টিলাইজরে ২৪৭ চাকরি

## বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের 'নেট' পরীক্ষার মাধ্যমে

# কয়েকশো অ্যাসিস্ট্যান্ট প্রফেসর

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** সারা ভারতের বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ে হিউম্যানিটিজ (ল্যাঙ্গোয়েজ-সহ), সোশ্যাল সায়েন্স, কম্পিউটার সায়েন্স অ্যান্ড অ্যাপ্লিকেশন ও ইলেক্ট্রনিক সায়েন্স ইত্যাদি বিষয়ে কয়েকশো অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে চাকরি / জুনিয়র রিসার্চ ফেলোশিপের জন্য 'ন্যাশনাল এলিজিবিলিটি টেস্ট (UGC-NET)' পরীক্ষার জন্য দরখাস্ত নেওয়া হচ্ছে। পরীক্ষা নেবে 'ন্যাশনাল টেস্টিং এজেন্সি (এন.টি.এ.)'।

**শিক্ষাগত যোগ্যতা :** হিউম্যানিটিজ (ল্যাঙ্গোয়েজ-সহ), সোশ্যাল সায়েন্স,

এরপর ৪ পাতায়

# রাজ্যে ২৯ বিচারক

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** পশ্চিমবঙ্গের বিভিন্ন আদালতে কাজের জন্য পশ্চিমবঙ্গ জুডিশিয়াল সার্ভিস পরীক্ষার মাধ্যমে ২৯ জন ছেলেমেয়ে

এরপর ২ পাতায়

# সিল্ক বোর্ডে ৯২ ক্লার্ক, স্টেনো

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** কেন্দ্রীয় সরকারের বস্ত্র মন্ত্রকের অধীন সেন্ট্রাল সিল্ক বোর্ড 'আপার ডিভিশন ক্লার্ক', 'স্টেনোগ্রাফার', 'ফিল্ড অ্যাসিস্ট্যান্ট' ও 'কুক' পদে ৯২

এরপর ৪ পাতায়

# 'টেট' পাশদের বয়স পেরিয়ে গেলেও প্রাইমারি চাকরিতে ছাড়

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** ২০১৭ সালের প্রাইমারি 'টেট' পরীক্ষায় যাঁরা কোয়ালিফাই করেছেন কিন্তু বয়স ৪০ বছরের বেশি হয়ে গেছে, তাঁরাও এবার প্রাইমারির ইন্টারভিউয়ের জন্য দরখাস্ত করতে পারবেন। ১২-৫-২০১৭ থেকে ২৭-১২-২০২২'এর মধ্যে যে সব প্রার্থী ২০১৭ সালের প্রাইমারি 'টেট' পাশ করেছেন

এরপর ৫ পাতায়

# এয়ারপোর্ট অথরিটিতে ৪০০ সিকিউরিটি স্ক্রিনার

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি :** এয়ারপোর্টস অথরিটি অফ ইন্ডিয়ার সহায়ক সংস্থা এ.এ.আই. কার্গো লজিস্টিক্স অ্যান্ড অ্যালায়েড সার্ভিসেস কোম্পানি লিমিটেড 'সিকিউরিটি স্ক্রিনার' পদে ৪০০ জন লোক নিচ্ছে। **শিক্ষাগত যোগ্যতা :** উচ্চমাধ্যমিক বা, ডিগ্রি কোর্স পাশরা কেন্দ্রীয় সরকারের স্টাফ সিলেকশন কমিশনের নেওয়া 'কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল (CHSL)'. কিংবা 'কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল (CGL)' এর প্রথম টায়ার (Tier-1) পরীক্ষায় সফল হয়ে থাকলে তবেই এই পদের জন্য আবেদন করতে পারেন। ২০১৯. ২০২০ ও ২০২১ সালের CHSL / CGL পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে। CHSL / CGL পরীক্ষায় সফল না হয়ে থাকলে এই পদের জন্য যোগ্য নন।

**বয়স :** বয়স হতে হবে ১৮ থেকে

এরপর ১১ পাতায়

Karmasangsthan

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২ ও ৪ জামির লেন, কলকাতা - ৭০০ ০১৯
হেল্প লাইন
☏ : ৯৯৩৩০৬২৪১৭০
ফ্যাক্স নং : ২৪৬০ ৮২৩৩
মহাশিল্পী কার্যালয়
রুম নং - ১০২ অ্যানেক্স, আই.এম.এম বিল্ডিং, বৃত্তি মার্গ
মহাশিল্পী-১১০ ০০১
ফোন : ০১১ ২৩৩৭৪২৮৩

**D. PHARMA**
Duration : 2 Yrs.
PCI Approved
Admission Open for 2022-23
Eligibility : 10 + 2 with PCB
Campus at WB
Low Fees! Installment Facility
GEO EDUGRAPH
KOLKATA & SILIGURI
Call : 8348688501

দরখাস্ত পাঠানোর আগে ফর্ম-সহ যাবতীয় প্রমাণপত্রের এক কপি জেরক্স নিজের কাছে রেখে দেবেন।

### স্কুল-কলেজ-শিক্ষা

WBCS অফিসার হওয়ার স্বপ্নপূরণে এবার উদ্যোগী হল WBCS Forum, বাংলা এই প্রথম বিনা ফি-তে স্টাডি ম্যাট-সহ অনলাইনে ঘ্রাস্টিক্যাল ক্লাস। আগে এলে আগে সুযোগ। Ph : 7081462300
R

**প্যারামেডিকেল ও নার্সিং**
CMS&ED (এলোপ্যাথি), DHMH (হোমিও), DMLT (প্যাথলজি), DPT (ফিজিওথেরাপি), ECG এবং ANM (নার্সিং) কোর্সে ভর্তির শেষ তারিখ ৮ই জানুয়ারি। ক্লাস - শনি ও রবিবার। কার্তিকার একাডেমি অব মেডিক্যাল সাইন্স, গড়িয়া স্টেশন রোড, ছোট বটতলা, কবি 54, 45A, বাসস্ট্যান্ডের বিপরীতে, 7439213900 8272911322
SA

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

### স্কুল-কলেজ-শিক্ষা

**ভর্তি চলছে (JAN '23 to DEC '23, SAT) বেলা**
**বঙ্গীয় বিজ্ঞান পরিষদ**
ডিপ্লোমা ইন ফিজিওথেরাপী অ্যান্ড যোগাথেরাপী (১ বছর, যোগ্যতা মাধ্যমিক) যোগাযোগ : কর্মসচিব, পি-২৩, রাজা রাজকৃষ্ণ স্ট্রীট, কল ৬ 9163927421, 6291648608
SH

**নার্সিং ও প্যারামেডিক্যাল**
নতুন সেশনের ফর্ম দেওয়া হচ্ছে। নার্সিং (ANM/DHN), ECG, DMLT (প্যাথলজি), DPT (ফিজিওথেরাপি) ভর্তি চলছে। শিক্ষান্তে কাজের সুযোগ। MRIT, শ্রীরামপুর - 9231839309, আমাদের কোনো শাখা নেই।
R

**বর্ধমান ডিস্ট্যান্স এডুকেশন**
মাধ্যমিক/HS ফেল? আপনি কি উচ্চশিক্ষা করতে চান? তাহলে কম খরচে কম সময়ে সরকারী বা, বেসরকারী বিশ্ববিদ্যালয় থেকে BA, MA, B.Sc, M.Sc, LLB, B.Tech, D.El.Ed., B.Ed., Polytechnic সব ধরণের কোর্সের ভর্তির সহযোগিতা করা হয়। ওষুধের দোকানের লাইসেন্সের জন্য D.Pharm করুন। চাকুরী জীবিরা দূরশিক্ষা অনুমোদিত Univ. থেকে সহজে পাশ করুন। হোটেনীলপুর, বর্ধমান 9883306657, 8145441235
R

### কর্মখালি

Govt. স্বীকৃত অফিসের জন্য (মাধ্যমিক + অনূর্ধ্ব 30) 20 জন M/F চাই। আয় : 10000–18000, থাকা ফ্রী। M : 7003607387
SG

**DIRECT JOINING**
Govt.R. No- 63751 এয়ারপোর্ট ও ব্যাঙ্কে (৮ম/স্নাতক) 172 M/F কর্মী চাই। বেতন : 21,700/--52,300/-) থাকা-খাওয়া ফ্রী। Ex-আর্মি স্বাগত - 9474517076
SA

**ব্যাঙ্কে Urgent Vacancy**
বিনা ডোনেশনে অনলাইন-এর মাধ্যমে সরাসরি নিয়োগ। ব্যাঙ্কে M/F চাই। যোগ্যতা : ৮ম-স্নাতক। Salary ৳ 18,500–45,500/-. বিস্তারিত জানতে সত্বর যোগাযোগ করুন M : 9046463297
SA

**জাহাজ ও ডকে স্থায়ী জব**
পঃ বাংলার বিভিন্ন প্রান্তের কর্মপ্রার্থীদের পঃ বাংলার মধ্যে যোগ্যতানুযায়ী বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে নিয়োগ করানো হচ্ছে। Age : 18–38, ৮ম-স্নাতক, Salary : 23,720/-- 47,950/-, থাকা, খাওয়া-সহ ছুটি, বোনাস, ESI, PF, অন্যান্য। 3 মাস 13 দিন কাজ করার পর 26 দিনের ছুটি, with Salary সহ কর্মপ্রার্থীরা অতি শীঘ্রই যোগাযোগ করুন। 7384980111
SA

### কর্মখালি

**জাহাজে ও ডকে জব**
ভারতবর্ষের বিভিন্ন বন্দরে খিদিরপুর, হলদিয়া হইতে আন্দামান 87 জন M/F নিয়োগ। বেতন: 27,300/--64,700/-, PF, ESI, ছুটি। 9434565153
SA

**GOVT./PVT. ব্যাঙ্কিং কাজ**
512 জন স্মার্ট বাংলাভাষী M/F (18-38) সরাসরি নিয়োগ চলছে। বেতন: 13832-34950 + PF+ ESI. বেলঘরিয়া- 8981331204, হাওড়া/হুগলি- 8479947154, গড়িয়া/বেহালা- 7044916924
D

**দমদম ক্যান্টনমেন্ট ব্রাঞ্চে**
220 জন মহিলা কর্মী স্থায়ী পদে শীঘ্র নিয়োগ। বেতন 6-20,000 যোগ্যতা- ৮ম-স্নাতক। M- 8170938146
CM

প্রাইভেট ব্যাঙ্কে স্থায়ী জব — Age : 18-35, HS & Graduate. Salary :14k-22K. নিজ এলাকা। হাওড়া-হুগলি : 9477762102, বনগাঁ-শিয়ালদহ : 9477762101 নৈহাটি-কল্যাণী : 7044520278
R

**নিয়োগ সমাচার**
WBSEDCL-এ কন্ট্রাক্টরের অধীনে জেলাভিত্তিক M/F নিয়োগ চলছে। যোগ্যতা : M.P. - স্নাতক। বেতন : 16,700– 42,800। Ex-Armyদের বিশেষ সুযোগ। Whatsapp – C.V পাঠান। Mob : 8537948389
SA

### কর্মখালি

**সরাসরি নিয়োগ**
প্রতিটি জেলায় গার্ড, SV, ইনচার্জ, ওয়ার্ডবয়, পিওন, অফিসবয়, ক্লার্ক, ATM গার্ড চাই। বেতন : 13500–22500. M : 8961921488
SA

**BANK DSA-তে চাকরি**
পঃবঃ 20টি জেলায় বিনা ডোনেশনে সরাসরি M/F নিয়োগ চলছে। যোগ্যতা : অষ্টম-স্নাতক, বেতন : 14,600/--62,200/-. PF, ESI, বোনাস, থাকা-খাওয়া ফ্রি। Online ফর্ম - 101/-. GE, M : 95317-90985
SP

**BANK–AIRPORT**
Govt. Reg.No.-1231; পঃবঙ্গ-সহ উঃবঙ্গের প্রতিটি জেলায় বিনা ডোনেশনে M/F নিয়োগ চলছে। (৮ম-স্নাতক)। বেতন (17000–46000), PF, ESI, BONUS-সহ থাকা-খাওয়া ফ্রি। Ex-Army দের বিশেষ সুবিধা। M : 9433632143
SA

**Urgent Vacancy 2023**
ব্যাঙ্ক DSA-তে স্থায়ী ৩৪৫ জন কর্মী নিয়োগ। যোগ্যতা : অষ্টম থেকে স্নাতক। বেতন : ১৮,৫০০ থেকে ৩৫,৫০০, বিশদে জানতে যোগাযোগ করুন - 9046463176
SA

### কর্মখালি

**প্রাইভেট ব্যাঙ্ক জব স্পট জয়েনিং 2023**
Govt. LC–BDBL-304, নিজের জেলায় যোগ্যতা অনুযায়ী প্রাইভেট ব্যাঙ্কে পার্মানেন্ট চাকরি। মোট 180 জন ছেলে ও মেয়ে প্রয়োজন। বেতন : 21,600–43,300। যোগ্যতা - ৮ম পাশ। বয়স - 17–43, বোনাস, PF, ESI, প্রমোশন। SC, ST, OBC কার্ডসুবিধা। M : 8293482267
SA

**এয়ারপোর্ট ও ব্যাঙ্ক**
Govt. লাইসেন্সপ্রাপ্ত Bank, এয়ারপোর্টে অষ্টম-স্নাতক M/F কর্মী চাই। বেতন : 22,000/--45,700/-. PF, ESI, OT, থাকা-খাওয়া ফ্রি। M : 8902859560
SA

**Arya Construction**
Raiganj req. exp. Civil & Elect. Engineer. M: 8918770916
rgjaryaconstruction@gmail.com
D

**প্রাঃ ব্যাঙ্কে স্থায়ী জব**
L.C No- WB53K76 পঃ বাংলার 23টি জেলায় Pvt. Bank DSA-তে Back Office এছাড়া যোগ্যতানুযায়ী অন্যান্য পদে ও বিভিন্ন salary-তে 53 জন M/F কে জেলাভিত্তিক নিয়োগ করানো হচ্ছে। বেতন: 17670/--29650/ ছুটি, বোনাস, ESI, PF অন্যান্য। M : 7602853222
SA

## দোহাই, আর ঠকবেন না

কোনো ছেলেমেয়েকে সাক্ষাৎকারে ডেকে, তেমন ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা কৌশলে একটাই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। তার জন্য আমরা দায়ী নই। বেশি টাকার দাবি করলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। এছাড়া পাঠাবেন এই ঠিকানায় : সি.আই.ডি. বিভাগ, ভবানী ভবন, আলিপুর, কলকাতা-২৭। কলকাতার সংস্থা হলে এই ঠিকানায় : ডি.সি. ডি.ডি. - ১, লালবাজার, ১৮, লালবাজার স্ট্রিট, কলকাতা-১। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর কোনো অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, **কর্মসংস্থান**

## বিশেষ বিজ্ঞপ্তি

**'কর্মসংস্থান'** পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনী সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। **'কর্মসংস্থান'** পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।

— সম্পাদক, **কর্মসংস্থান**।

# চাকরির টুকরো খবর

## সরকারি নার্সিং কলেজে রিডার

রাজ্য সরকারের পাঁচ নার্সিং কলেজে 'রিডার' ও 'প্রফেসর' পদে ১৯ জন লোক নিচ্ছে। নিয়োগ করবে পশ্চিমবঙ্গ হেলথ রিক্রুটমেন্ট বোর্ড। রিডার পদে শূন্যপদ : ১৩টি (জেনাঃ ৬, তফজাঃ ৩, তফউঃজাঃ ১, ও.বি.সি.-এ ক্যাটেগরি ২, ও.বি.সি.-বি ক্যাটেগরি ১, প্রতিবন্ধী ১)। প্রফেসর পদে শূন্যপদ : ৫টি (জেনাঃ ২, তফজাঃ ১, তফউঃজাঃ ১, ও.বি.সি.-এ ক্যাটেগরি ১)। শিক্ষাগত যোগ্যতা, বয়স ইত্যাদি পাবেন এই ওয়েবসাইটে : www.wbhrb.in

## ম্যাঙ্গালোর রিফাইনারিতে এক্সিকিউটিভ

ম্যাঙ্গালোর রিফাইনারি অ্যান্ড পেট্রোকেমিক্যালস লিমিটেড 'অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ' পদে ৫ জন লোক নিচ্ছে। ফিনান্স, ইন্টারনাল অডিট পদে ৩টি আর সেক্রেটারিয়েল পদে ১টি। দরখাস্ত করবেন অনলাইনে, ১৫ জানুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : mrpl.co.in/careers

## ব্যারাকপুর এয়ারফোর্স স্কুলে শিক্ষক-শিক্ষিকা

ব্যারাকপুর এয়ারফোর্স স্কুল প্রাইমারি টিচার, পোস্ট গ্র্যাজুয়েট টিচার, ট্রেন্ড গ্র্যাজুয়েট, মাল্টি টাস্কিং স্টাফ, এল.ডি.সি., স্পেশাল এডুকেটর পদে লোক নিচ্ছে। ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার নেওয়া হবে এইসব বিষয়ে : ইংরিজি, হিন্দি, বিজ্ঞান ও অঙ্ক। পোস্ট-গ্র্যাজুয়েট টিচার নেওয়া হবে : ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি, অঙ্ক, ইতিহাস, ভূগোল, রাষ্ট্রবিজ্ঞান।
দরখাস্ত করবেন পুরো বায়োডাটা দিয়ে। দরখাস্ত করার শেষ তারিখ ৭ জানুয়ারি। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.afsbkp.in
ঠিকানা : The Executive Director, Air Force School Barrackpore, P.O. Bengal Enamel, North 24 parganas, Pin-743122

## ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমিতে ২৫১ ক্লার্ক, মাল্টি টাস্কিং স্টাফ

পুনের ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি ক্লার্ক, মাল্টি টাস্কিং স্টাফ, পেইন্টার, ড্রাফটসম্যান, ফায়ারম্যান, সিভিলিয়ান মোটর ড্রাইভার পদে ২৫১ জন লোক নিচ্ছে। কোন পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স, প্রার্থী বাছাই পদ্ধতি ইত্যাদি পাবেন এই ওয়েবসাইটে : https://ndacivrect.gov.in দরখাস্ত করার শেষ তারিখ ২০ জানুয়ারি। বিস্তারিত তথ্য থাকবে আগামী সংখ্যায়।

## কেন্দ্রীয় সংস্থায় ৪০১ ট্রেনি ইঞ্জিনিয়ার

এন.এইচ.পি.সি. লিমিটেড 'ট্রেনি ইঞ্জিনিয়ার (সিভিল/ইলেক্ট্রিক্যাল/মেকানিক্যাল)', 'ট্রেনি অফিসার (ফিনান্স)' ও 'ট্রেনি অফিসার (এইচ.আর.)' পদে ৪০১ জন লোক নিচ্ছে। সব পদের বেলায়ই প্রার্থীদের 'গেট-২০২২', 'নেট-ডিসেম্বর-২০২১', 'নেট-জুন-২০২২', ক্লাট-২০২২ পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে। কোন পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স, শূন্যপদ ইত্যাদি পাবেন এই ওয়েবসাইটে : www.nhpcindia.com দরখাস্ত করার শেষ তারিখ ২৫ জানুয়ারি।

## উত্তর পশ্চিম রেলে ২০২৬ অ্যাপ্রেন্টিস

উত্তর পশ্চিম রেল অ্যাপ্রেন্টিস হিসাবে ২০২৬ জন লোক নিচ্ছে। মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে সংশ্লিষ্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। দরখাস্ত করতে হবে অনলাইনে, ১০ জানুয়ারি থেকে ১০ ফেব্রুয়ারির মধ্যে। কোন ট্রেডে কটি শূন্যপদ, বয়স, শিক্ষাগত যোগ্যতা ইত্যাদি পাবেন এই ওয়েবসাইটে : www.rrcjaipur.in আরো বিস্তারিত তথ্য আগামী সংখ্যায় থাকবে।

## কেন্দ্রীয় সংস্থায় চাকরি

দ্য ন্যাশনাল ইনস্টিটিউট অফ বায়োমেডিক্যাল জেনেমিক্স টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট, সিকোয়েন্সর ল্যাব টেকনিশিয়ান ও এন.আই.বি.এম.জি. ফেলো পদে ২ জন লোক নিচ্ছে। দরখাস্ত করার শেষ তারিখ ৬ ফেব্রুয়ারি। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.nibmg.ac.in

## দার্জিলিং জেলায় আশাকর্মী

দার্জিলিং জেলার সাব-ডিভিশনাল অফিসার কার্শিয়াং ডেভেলপমেন্ট ব্লকের জন্য আশা কর্মী পদে ২ জন মহিলা নিচ্ছে। দরখাস্ত করার শেষ তারিখ ১৩ জানুয়ারি। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.darjeeling.gov.in

## রাজ্যে ২৯ বিচারক

১ পাতার পর

নেওয়া হচ্ছে।

**শিক্ষাগত যোগ্যতা :** আইনের ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা বার কাউন্সিলে অ্যাডভোকেট হিসাবে নাম নথিভুক্ত থাকলে আবেদন করতে পারেন।

**বয়স :** বয়স হতে হবে ৩০-১২-২০২২'র হিসাবে ২৩ থেকে ৩৫ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ৩১-১২-১৯৮৭ থেকে ৩০-১২-১৯৯৯'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন।

**মূল মাইনে :** ২৭,৭০০-৪৪,৭৭০ টাকা।

**শূন্যপদ :** ২৯টি। এর মধ্যে অ্যান্টিসিপেটেড শূন্যপদ ১৭টি (জেনাঃ ১০, ও.বি.সি.-এ ক্যাটেগরি ২, ও.বি.সি.-বি ক্যাটেগরি ১, তফজাঃ ২, তফউঃজাঃ ১, প্রতিবন্ধী ১)। ক্লিয়ার শূন্যপদ ১২টি (জেনাঃ ৮, ও.বি.সি.-এ ক্যাটেগরি ১, ও.বি.সি.-বি ক্যাটেগরি ১, তফজাঃ ১, তফউঃজাঃ ১)। এই পরীক্ষা সাধারণ প্রার্থীরা ৩ বার আর তপশিলী, ও.বি.সি. প্রার্থীরা ৫ বার দিতে পারবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : 19/2022.

**প্রার্থী বাছাই পদ্ধতি :** প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন। ২০২২ সালের ওয়েস্ট বেঙ্গল জুডিশিয়াল সার্ভিস এক্সামিনেশন'এর মাধ্যমে। প্রথমে প্রিলিমিনারি লিখিত পরীক্ষা হবে মার্চে, কলকাতা (কোড ১১) ও দার্জিলিং (১২)। এই পরীক্ষায় ২০০ নম্বরের ২০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) ইংলিশ কম্পোজিশন - ৩০ নম্বর, (২) জেনারেল নলেজ, কারেন্ট অ্যাফেয়ার্স, টেস্ট অফ রিজনিং - ৪০ নম্বর, (৩) ভারতীয় সংবিধান - ২০ নম্বর, (৪) ল অফ কন্ট্রাক্টস অ্যান্ড টর্টস - ২০ নম্বর, (৫) ল অফ এভিডেন্স - ২০ নম্বর, (৬) সিভিল প্রসিডিওর কোডস - ২০ নম্বর, (৭) ক্রিমিনাল প্রসিডিওর কোড ও ইন্ডিয়ান পেনাল কোড - ২০ নম্বর, (৮) পার্সোনাল ল - ১০ নম্বর, (৯) ল অফ লিমিটেশন - ২০ নম্বর। সময় থাকবে আড়াই ঘন্টা।

সফল হলে ফাইনাল পরীক্ষা হবে মে মাসে। এই পরীক্ষায় ৮টি আবশ্যিক বিষয় ও ৩টি ঐচ্ছিক বিষয় থাকবে। প্রতিটি পেপারে থাকবে ১০০ নম্বর ও সময় থাকবে প্রতিটি পেপারের জন্য ৩ ঘন্টা। সবশেষে ১০০ নম্বরের পার্সোনালিটি টেস্ট।

**দরখাস্ত করার পদ্ধতি :** দরখাস্ত করবেন অনলাইনে, ১০ জানুয়ারি থেকে ৩১ জানুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.pscwbonline.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্মাটে ২০ থেকে ৫০ কে.বি.'র মধ্যে স্ক্যান করে নেবেন। ফটো ও সিগনেচার স্ক্যান করবেন ২০০ ডি.পি.আই.'তে।

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করবেন। এবার স্ক্যান করা ফটো ও সিগনেচার আপলোড করে নেবেন। তখন Submit করলে নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এবার পরীক্ষা ফী বাবদ ২১০ (তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা দিতে হবে ডেবিট কার্ড বা, ক্রেডিট কার্ড কিংবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। এছাড়াও টাকা অফলাইনে দিতে পারবেন পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের চালানে। টাকা জমা দিতে পারবেন ১ ফেব্রুয়ারির মধ্যে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন। আরো বিস্তারিত তথ্য ওপরের ওয়েবসাইটে পাবেন। ফর্ম এডিট করতে পারবেন ৮ ফেব্রুয়ারি থেকে ১৫ ফেব্রুয়ারির মধ্যে।

Karmasangsthan

## কয়েকশো অ্যাসিস্ট্যান্ট প্রফেসর

১ পাতার পর

কম্পিউটার সায়েন্স অ্যান্ড অ্যাপ্লিকেশন ও ইলেক্ট্রনিক সায়েন্সর পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা মোট অন্তত ৫৫% (ও.বি.সি., তপশিলী ও প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। এবছরের ফাইনাল পরীক্ষার্থীরা কিংবা যাঁদের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সের ফল এখনো বেরোয়নি, তাঁরাও আবেদনের যোগ্য। তবে তাঁদের বেলায় 'নেট' পরীক্ষার ফল বেরোনোর ২ বছরের মধ্যে ওই শতকরা হারে নম্বর পেয়ে পাশ করার বিষয়ে নিশ্চিত থাকতে হবে।

১৯৯১ সালের ১৯ সেপ্টেম্বরের মধ্যে যাঁরা মাস্টার ডিগ্রি কোর্স পাশ করে পিএইচ.ডি. করেছেন, তাঁরা পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সে ৫% নম্বরে ছাড় পাবেন।

২০০৯ সালের ইউ.জি.সি. আইনানুযায়ী পিএইচ.ডি. ডিগ্রি থাকলে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের জন্য এই 'নেট' পরীক্ষা দিতে হবে না।

২০০২ সালের ১ ডিসেম্বরের আগে 'সেট' পরীক্ষায় কোয়ালিফাই করে থাকলে সারা ভারতের যে কোনো জায়গায় অ্যাসিস্ট্যান্ট প্রফেসরের জন্য 'নেট' পরীক্ষা দিতে হবে না। ২০০২ সালের ১ ডিসেম্বরের পর 'সেট' কোয়ালিফাই করলে শুধুমাত্র পশ্চিমবঙ্গের প্রতিষ্ঠানগুলিতে অ্যাসিস্ট্যান্ট প্রফেসরের জন্য আবেদন করতে পারবেন।

**বয়স :** জুনিয়র রিসার্চ ফেলোশিপের পরীক্ষার বেলায় বয়স হতে হবে ১-২-২০২৩'এর হিসাবে ৩০ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি., শারীরিক প্রতিবন্ধী ও মেয়েরা বয়সে ৫ বছর ছাড় পাবেন। তবে অ্যাসিস্ট্যান্ট প্রফেসরের জন্য বয়সের কোনো কড়াকড়ি নেই।

এই পরীক্ষায় পাশ করলে সরাসরি অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের জন্য আবেদন করতে পারবেন বা, মাসিক স্টাইপেন্ড নিয়ে জুনিয়র রিসার্চ ফেলোশিপ নিয়ে পড়াশোনা চালাতে পারবেন। সফল হলে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে চাকরি। ফেলোশিপের জন্য যাঁরা এই পরীক্ষায় পাশ করবেন, তাঁরা অ্যাসিস্ট্যান্ট প্রফেসরের যোগ্যতা পাবেন। আর অ্যাসিস্ট্যান্ট প্রফেসরের পরীক্ষায় পাশ করলে জুনিয়র ফেলোশিপের যোগ্যতা পাবেন।

**প্রার্থী বাছাই পদ্ধতি :** প্রার্থী বাছাই করবে 'ন্যাশনাল টেস্টিং এজেন্সি (এন.টি.এ.)'। এই পরীক্ষা হবে ২১ ফেব্রুয়ারি থেকে ১০ মার্চের মধ্যে। পরীক্ষা হবে পূর্ব ভারতের এইসব কেন্দ্রে : পশ্চিমবঙ্গের কলকাতা (সিটি কোড WB10), আসানসোল (সিটি কোড WB01), বর্ধমান (সিটি কোড WB02), দুর্গাপুর (সিটি কোড WB04), হুগলি(সিটি কোড WB06), হাওড়া (সিটি কোড WB07), কল্যাণী (সিটি কোড WB08), শিলিগুড়ি (সিটি কোড WB11), বাঁকুড়া (সিটি কোড WB16), দার্জিলিং (সিটি কোড WB18), জলপাইগুড়ি (সিটি কোড WB19), মালদা (সিটি কোড WB20), মুর্শিদাবাদ (সিটি কোড WB21), উত্তর ২৪ পরগনা (সিটি কোড WB12), পশ্চিম মেদিনীপুর (সিটি কোড WB13), পূর্ব মেদিনীপুর (সিটি কোড WB14), দক্ষিণ ২৪ পরগনা (সিটি কোড WB15), শিউড়ি (সিটি কোড WB22)।

এই পরীক্ষায় থাকবে ২টি পত্র। প্রথম পেপারে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের ১০০ নম্বরের পরীক্ষা হবে এইসব বিষয়ে : টেস্ট অফ রিজনিং এবিলিটি, রিডিং কমপ্রিহেনশন, ডাইভারজেন্ট থিঙ্কিং অ্যান্ড জেনারেল অ্যাওয়ারনেস। এই পেপারে মোট ৫০টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতি প্রশ্নে থাকবে ২ নম্বর।

দ্বিতীয় পেপারে অবজেক্টিভ টাইপের ২০০ নম্বরের পরীক্ষা হবে সংশ্লিষ্ট বিষয়ের ওপর। এই পেপারে মোট ১০০টি প্রশ্ন থাকবে ও প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। প্রথম ও দ্বিতীয় পেপারে সময় থাকবে ৩ ঘন্টা। নেগেটিভ মার্কিং নেই। প্রথম শিফটের পরীক্ষা হবে ৯টা থেকে ১২টা ও দ্বিতীয় শিফটের পরীক্ষা হবে ৩টে থেকে ৬টা।

পরীক্ষা সম্পর্কে আরো বিস্তারিত তথ্য ও সিলেবাস জানতে পারবেন এই ওয়েবসাইটে : www.ugcnetonline.in কোয়ালিফাইং নম্বর পেলে সফল হবেন।

দ্বিতীয় পেপারের পরীক্ষা হবে এইসব বিষয়ের মধ্যে যে বিষয়ে পোস্ট-গ্র্যাজুয়েট হয়েছেন : অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, দর্শন, মনস্তত্ত্ব, সমাজতত্ত্ব, ইতিহাস, নৃতত্ত্ব, বাণিজ্য, শিক্ষা, সোশ্যাল ওয়ার্ক, ডিফেন্স অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ, হোম সায়েন্স, গণ প্রশাসন, পপুলেশন স্টাডিজ, সঙ্গীত, ম্যানেজমেন্ট, বাংলা, হিন্দি, সংস্কৃত, উর্দু, আরবি, ইংলিশ, লিঙ্গুয়িস্টিক্স, আসামীজ, লেবার ওয়েলফেয়ার, পার্সোনেল ম্যানেজমেন্ট, লেবার ও সোশ্যাল ওয়েলফেয়ার, ইন্ডাস্ট্রিয়াল রিলেশন্স, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট, আইন, লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স, ম্যাস কমিউনিকেশন অ্যান্ড জার্নালিজম, পারফর্মিং আর্ট-ডান্স/ড্রামা /থিয়েটার, মিউজিওলজি ও কনজার্ভেশন, আর্কিওলজি, ক্রিমিনোলজি, কম্পারেটিভ লিটারেচার, উইমেন স্টাডিজ, ভিশ্যুয়াল আর্ট (ড্রয়িং ও পেন্টিং, স্কাল্পচার, গ্রাফিক্স, অ্যাপ্লায়েড আর্ট, হিস্ট্রি অফ আর্ট), কম্পিউটার সায়েন্স অ্যান্ড অ্যাপ্লিকেশন, ফরেন্সিক সায়েন্স, সোশ্যাল মেডিসিন অ্যান্ড কমিউনিটি হেলথ, ভূগোল, হিস্ট্রি অফ আর্ট, অ্যাপ্লায়েড আর্ট, গ্রাফিক্স, ইলেক্ট্রনিক সায়েন্স, এনভায়রণমেন্টাল সায়েন্স, ইন্টারন্যাশনাল অ্যান্ড এরিয়া স্টাডিজ, মানবাধিকার ও কর্তব্য, ট্যুরিজম অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট, সাঁওতাড়।

**দরখাস্ত করার পদ্ধতি :** দরখাস্ত করবেন অনলাইনে, ১৭ জানুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : https://ugcnet.nta.nic.in অনলাইনে দরখাস্ত করার আগে পাশপোর্ট মাপের ফটো (১০ থেকে ২০০ কেবির মধ্যে) ও সিগনেচার (৪ থেকে ৩০ কেবির মধ্যে) 'JPEG Format'এ স্ক্যান করে নেবেন।

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করবেন। তখন সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন নম্বর নোট করে নেবেন। এবার স্ক্যান করা ফটো ও সিগনেচার আপলোড করবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ১,১০০ (জেনাঃ ই.ডব্লু.এস. আর ও.বি.সি.'দের বেলায় ৫৫০, তপশিলী জাতি, তপশিলী উপজাতি, ট্রান্সজেন্ডার ও প্রতিবন্ধীদের বেলায় ২৭৫) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন, ১৮ জানুয়ারির মধ্যে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। দরখাস্ত করার পর সংশোধন করতে পারবেন ১৯ থেকে ২০ জানুয়ারি পর্যন্ত।

বিজ্ঞাপন

# সম্পূর্ণ বিনামূল্যে 'বিটিসি' কোর্স করিয়ে কলকাতা সহ বিভিন্ন বন্দর ও অফিসে কয়েক হাজার গ্রুপ ডি এর চাকরি

## (মাধ্যমিক পাস ছেলে-মেয়েদের জন্য)

কলকাতা সহ বিভিন্ন বন্দর ও অফিসে চাকরির কোর্সের জন্য আবেদনপত্র জমা নেওয়া হচ্ছে। এই কোর্সটি (অর্থাৎ অন-জব ট্রেনিং) সম্পূর্ণ বিনামূল্যে করানো হবে। কোর্সটিতে ভর্তির জন্য কোনো ধরনের অর্থ (অর্থাৎ টাকা পয়সার) প্রয়োজন নেই। বিনামূল্যে এই ভর্তি বা যোগদান প্রক্রিয়া শুধুমাত্র এই ব্যাচের বিজ্ঞপ্তি থেকেই (অর্থাৎ ২০২৩ সালের প্রথম ব্যাচ ২৩/০১) থেকেই শুরু হয়েছে। এই কোর্স (অন জব ট্রেনিং) সম্পূর্ণ করার পর স্থায়ী চাকরি করতে পারবেন। সমস্ত পদের জন্যই ন্যূনতম মাধ্যমিক পাস বা দশম শ্রেণি উত্তীর্ণ বা কোনো স্বীকৃত রাজ্য বা কেন্দ্রীয় বোর্ড এবং এন-আই-ও এস বা নতুন দিল্লি থেকে সমতুল্য পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারবেন, এ ক্ষেত্রে পার্সেন্টেজ এর কোনো বাধ্যবাধকতা নেই এবং অতিরিক্ত কোনো সার্টিফিকেট (অর্থাৎ কোন ধরনের প্রফেশনাল কোর্স সার্টিফিকেটের) প্রয়োজন নেই। এর আগে এই পরিষেবায় যোগদান করার জন্য কিছু কোর্স সার্টিফিকেটের প্রয়োজন হতো কিন্তু সেগুলি ২৩/০১ ব্যাচ অর্থাৎ এই ব্যাচ থেকে আর প্রয়োজন নেই। অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা থাকলেও আবেদন করতে পারবেন। বয়স : ১লা ফেব্রুয়ারি ২০২৩ হিসাবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। ওবিসি-রা বয়সে তিন বছর এবং এসসি ও এসটি প্রার্থীরা বয়সে পাঁচ বছর ছাড় পাবেন। অনলাইন আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ — ১৫ই ফেব্রুয়ারি ২০২৩ পর্যন্ত। সিলেকশন পদ্ধতি : আবেদনপত্রের সমস্ত তথ্য বাছাই করে প্রার্থী নির্বাচন করা হবে। নির্বাচিত হলে ই-সিলেকশন লেটার পাবেন আপনার রেজিস্টার ইমেল-আইডিতে। নির্বাচিত প্রার্থীদের ফল প্রকাশ করা হবে ২১শে ফেব্রুয়ারি ২০২৩ তারিখে, বোর্ডের অফিসিয়াল ওয়েবসাইটে, প্রার্থী তার নিজের অ্যাপ্লিকেশন নম্বর এবং জন্মতারিখ দিয়ে অনুসন্ধান করে ফলাফলের বিবরণ দেখতে পারবেন এবং সিলেকশন লেটার দেওয়া হবে ২২ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ থেকে। তারপর বেসিক ডকুমেন্ট ভেরিফিকেশন করা হবে। বেসিক ডকুমেন্ট ভেরিফিকেশন সম্পূর্ণ করতে হবে সিলেকশন লেটার পাওয়ার দিন থেকে পরবর্তী ৭ দিনের মধ্যে। বেসিক ডকুমেন্ট ভেরিফিকেশন করার জন্য যে তিনটি ডকুমেন্টস লাগবে সেগুলি হল (i) আবেদনপত্র এবং সিলেকশন লেটার (এটি আপনার রেজিস্টার্ড মেইল আইডিতে পাঠানো হবে) (ii) পরিচয় পত্র হিসেবে দিতে পারবেন- আধার কার্ড অথবা ভোটার কার্ড অথবা পাসপোর্ট, (iii) অনলাইন আবেদন পত্রে উল্লেখিত সমস্ত শিক্ষাগত যোগ্যতার মার্কশীট ও সার্টিফিকেট। বেসিক ডকুমেন্ট ভেরিফিকেশন হওয়ার পর থাকবে গ্রুপ ডিসকাশন। তারপর থাকবে মেডিকেল টেস্ট (মেডিকেল টেস্ট হবে বিভাগীয় ডাক্তার দ্বারা অর্থাৎ ভারত সরকারের ডিজিএস অনুমোদিত মেডিকেল পরীক্ষক দ্বারা) এবং সবশেষে থাকবে পুলিশ ভেরিফিকেশন ও সমস্ত শিক্ষাগত যোগ্যতার একাডেমিক ভেরিফিকেশন (পুলিশ ভেরিফিকেশনের জন্য প্রার্থীর ডিসটিক সুপারিনটেনডেন্ট অফ পুলিশ অথবা কমিশনার অফ পুলিশের অফিসে চিঠি পাঠানো হবে। তারপর প্রার্থীর নিজের থানায় ভেরিফিকেশন হবে)। এবং সবশেষে চূড়ান্ত মনোনয়ন পত্র দেওয়া হবে। সমস্ত প্রক্রিয়া সম্পূর্ণ হওয়ার পর কোর্সে (অর্থাৎ ২৪ মাসের অন-জব ট্রেনিং) এ যোগদানের জন্য চিঠি পাঠানো হবে। যেকোনো ধরনের অসুবিধার জন্য যোগাযোগ করতে পারবেন এই রিজিওনাল অফিসে এবং হেড অফিসে। রিজিওনাল অফিসের ঠিকানা-"রিজিওনাল ডিপার্টমেন্ট অফ এমটিডিএস" ঠিকানা : ইপি ব্লক, সেক্টর 5, সল্টলেকসিটি, কলকাতা- 700091, ফোন নম্বর : 033 3563-4673 এবং হেড অফিসের ঠিকানা- "ডিপার্টমেন্ট অফ এমটিডিএস" (আন্ডার দা ম্যানেজমেন্ট অফ এসএসওপিসিপিএল) এপ্রুভড বাই মিনিস্ট্রি অফ কর্পোরেট অ্যাফেয়ার্স, গভারমেন্ট অফ ইন্ডিয়া, অষ্টম তল, নং- 818, কালেক্টর ল্যান্ড, হাজি কাটবেলা, বেহরামনগর, বান্দ্রা(ই), মুম্বাই- 400051, ফোন নম্বর : 1800-1234-430 (টোল ফ্রি) এবং 9569-46-8669 (কল করতে পারবেন শুধুমাত্র সকাল 10 টা থেকে বিকাল 4 টা পর্যন্ত। শনিবার, রবিবার এবং অন্যান্য সমস্ত সরকারি ছুটির দিন বাদ দিয়ে)। অন-জব ট্রেনিং চলাকালীন কোনো ধরনের পরীক্ষা দিতে হয় না এবং এই কোর্স (অন-জব ট্রেনিং) সম্পূর্ণ ভাবে সফল করার পর পাবেন স্থায়ী চাকরি। অন-জব ট্রেনিং হবে ২৪ মাস। বিটিসি কোর্স অর্থাৎ অন-জব ট্রেনিং এর সময় থাকা-খাওয়া, সমস্ত রেশন ব্যবস্থা ও ১০,০০০ টাকা (সমস্ত সুযোগ-সুবিধা সহ) স্টাইপেন পাবেন প্রতি মাসে এবং তারপর পাবেন সম্পূর্ণ বেতন। আবেদন পদ্ধতি : অনলাইনে আবেদন করার জন্য www.mtdind.org ওয়েবসাইটে গিয়ে অনলাইন অ্যাপ্লিকেশন-এ ক্লিক করুন। অ্যাপ্লিকেশন জমা দেবার পর আপনার রেজিস্টার ইমেল-আইডির ইনবক্সে অথবা স্প্যাম ফোল্ডার থেকে অনলাইন আবেদন এর বিবরণ প্রিন্ট করে নেবেন। একজন প্রার্থী সর্বোচ্চ দুটি ট্রেড এর জন্য আবেদন করতে পারবেন। শূন্যপদের বিবরণ, সম্পূর্ণ বেতন এবং আরও অন্যান্য বিস্তারিত তথ্য জানার জন্য www.mtdind.org ওয়েবসাইট টি ভিজিট করুন। বিঃদ্রঃ- নির্বাচিত প্রার্থীদের কোর্সে (অন-জব ট্রেনিংয়ে) যোগদানের জন্য কোথাও, কোন ধরনের অর্থ অর্থাৎ (টাকা পয়সা) প্রদান করবেন না।

বিজ্ঞাপন

কোনো ভর্তি ফি লাগবে না

নার্সিং } B.Sc. - 2.5 Lakh, GNM - 2 Lakh

ট্রেনিং শেষে 100% চাকরির সুযোগ

ছেলে-মেয়ে উভয়েই ভর্তি চলছে (WBNC & INC) প্রাপ্ত কলেজে

D.Pharm (2 Lakh), Paramedical সহজে পাশ করুন

6 মাসে সরকারিভাবে NIOS থেকে MP/HS গ্যারান্টি পাশ

D.El.Ed. 35 হাজার ভর্তির সুযোগ (22-24)

বর্ধমান : 9083395622, কলকাতা : 9339279211

### বিশেষ বিজ্ঞপ্তি

'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।

— সম্পাদক, **কর্মসংস্থান**।

## সিল্ক বোর্ডে ৯২

১ পাতার পর

জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**আপার ডিভিশন ক্লার্ক :** আর্টস, সায়েন্স বা, কমার্স শাখার গ্র্যাজুয়েটরা ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩৫টি শব্দ তোলার গতি থাকলে যোগ্য। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। শূন্যপদ : ৮৫টি (জেনাঃ ৩৭, ও.বি.সি. ২২, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ৬, ই.ডব্লু.এস. ৮)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৮, প্রতিবন্ধী ২।

**স্টেনোগ্রাফার (গ্রেড-।) :** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা ইংরিজি শর্টহ্যান্ডে মিনিটে ৮০টি শব্দ তোলার গতি থাকলে যোগ্য। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। শূন্যপদ : ৪টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)।

**ফিল্ড অ্যাসিস্ট্যান্ট :** মাধ্যমিক পাশরা যোগ্য। সেরিকালচারের ডিপ্লোমা কোর্স পাশরাও যোগ্য। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ২১,৭০০-৬৯,১০০ টাকা। শূন্যপদ : ১টি (ও.বি.সি.)।

**কুক :** ক্যাটেরিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা রান্নার কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকলে যোগ্য। মূল মাইনে : ১৯,৯০০-৬৩,২০০ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ১, তঃজাঃ১)।

**বয়স :** সব পদের বেলায় বয়স হতে হবে ১৬-১-২০২৩'র হিসাবে ২৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন।

**প্রার্থী বাছাই পদ্ধতি :** প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে কলকাতা, গুয়াহাটি, ভুবনেশ্বর, পটনা, রাঁচীতে। কম্পিউটার বেসড টেস্ট কবে কোথায় হবে তা পরে জানিয়ে দেওয়া হবে। কোনো ইন্টারভিউ নেই। বিজ্ঞপ্তি নং : CSB / 09/2022.

**দরখাস্ত করার পদ্ধতি :** দরখাস্ত করবেন অনলাইনে, ১৬ জানুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.csb.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে পাশপোর্ট মাপের রঙিন ফটো (৪.৫সেমি x ৩.৫ সেমি), সিগনেচার, লেফট থাম্ব ইমপ্রেশন স্ক্যান করে নেবেন। এছাড়াও নিচের এই প্যারাগ্রাফটি সাদা কাগজে লিখে স্ক্যান করে নেবেন : 'I,....... (Name of the candidate), hereby declare that all the information submitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as and when required'.

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৭৫০ (তপশিলী, মহিলা, প্রতিবন্ধী প্রাঃসঃকঃ-দের ফী লাগবে না) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন

Karmasangsthan

## এবার প্রাইমারির ইন্টারভিউয়ে

১ পাতার পর

কলকাতা জেলার প্রার্থীদের ইন্টারভিউ হয়েছে ২৭ ডিসেম্বর। দ্বিতীয় পর্যায়ে কলকাতা জেলার প্রার্থীদের ইন্টারভিউ হবে ১০ জানুয়ারি। তৃতীয় পর্যায়ে আলিপুরদুয়ার জেলার প্রার্থীদের ইন্টারভিউ হবে ১১ ও ১৩ জানুয়ারি। চতুর্থ পর্যায়ের শিলিগুড়ি জেলার প্রার্থীদের ইন্টারভিউ হবে ১১ ও ১৩ জানুয়ারি। পঞ্চম পর্যায়ে দক্ষিণ দিনাজপুর জেলার প্রার্থীদের ইন্টারভিউ হবে ১৪ জানুয়ারি। নিয়োগে স্বচ্ছতা আনতে এবার প্রত্যেক প্রার্থীর ইন্টারভিউ ও অ্যাপ্টিটিউট টেস্টের ভিডিও রেকর্ডিং করা হচ্ছে। কোনো প্রার্থী যাতে কোনোভাবে বঞ্চিত না হন, তার জন্য ইন্টারভিউ বোর্ডে থাকা প্রত্যেক সদস্যকে ইন্টারভিউ বোর্ডে আলাদা ল্যাপটপ দেওয়া হয়েছে। যাতে করে প্রত্যেক প্রার্থীর ইন্টারভিউ শেষ হওয়ার পরই ওই সদস্যরা প্রার্থীর প্রাপ্ত নম্বর কেন্দ্রীয় সার্ভারে আপলোড করতে পারেন। তাই গরমিলের কোনো সম্ভাবনা যেমন নেই, তেমনি ভেবেচিন্তে নম্বর বাড়িয়ে দেওয়ার কোনো সুযোগই থাকছে না।

আগের মতো প্রার্থীর নাম, বাবার নাম, কোথায় বাড়ি, কি করেন ইত্যাদি প্রশ্ন করে প্রার্থীকে ছেড়ে দেওয়া হচ্ছে না। এবার রীতিমতো ইন্টারভিউয়ের মতো করে ইন্টারভিউ নেওয়া হচ্ছে। এক্ষেত্রে ইন্টারভিউয়ে বিভিন্ন বিষয় থেকে যেমন প্রার্থীর যোগ্যতা যাচাই হচ্ছে, তেমনি প্রত্যেক প্রার্থীকে চক ডাস্টার নিয়ে বোর্ডে ক্লাস নিতে হচ্ছে। সদস্যরা হলেন ক্লাসের ছাত্র-ছাত্রী আর প্রার্থী হলেন শিক্ষক-শিক্ষিকা। তাই যাঁরা ইন্টারভিউয়ের প্রস্তুতি না নিয়ে পরীক্ষা দিতে যাচ্ছেন, তারা বেকায়দায় পড়ছে। প্রতিদিন ৫টি টেবিলে ইন্টারভিউ হচ্ছে। প্রতি টেবিলে ৩ জন করে ইন্টারভিউ কর্তা থাকছেন।

পর্ষদ সূত্রে জানা গেছে, প্রথমে প্রার্থীদের পরিচয়পত্র ও অন্যান্য ডকুমেন্টস ভেরিফাই করে তাদের ভেরিফায়েড স্লিপ দেওয়া হচ্ছে। কার কোন টেবিলে ইন্টারভিউ হবে তা ওই স্লিপে উল্লেখ থাকছে। স্লিপ নিয়েই ইন্টারভিউয়ে যেতে হচ্ছে।

ইন্টারভিউয়ে থাকছে ৫ নম্বর আর অ্যাপ্টিটিউট টেস্টে থাকছে ৫ নম্বর। পরবর্তী পর্যায়ের ইন্টারভিউ কোন জেলার প্রার্থীদের কবে হবে তা জানাবে পর্ষদ। ইন্টারভিউয়ের দিনই প্রার্থীদের ডকুমেন্ট ভেরিফিকেশন হচ্ছে। ইন্টারভিউয়ের দিন সঙ্গে নিয়ে যেতে হবে এইসব প্রমাণপত্রের মূল ও স্ব-প্রত্যয়িত জেরক্স: (ক) 'টেট' পাশের অ্যাডমিট কার্ড, (খ) 'টেট' যোগ্যতার প্রমাণপত্র, (গ) বয়সের প্রমাণপত্র হিসাবে মাধ্যমিকের অ্যাডমিট কার্ড বা, সার্টিফিকেট, (ঘ) মাধ্যমিক পাশের মার্কশীট ও সার্টিফিকেট, (ঙ) উচ্চমাধ্যমিক পাশের মার্কশীট ও সার্টিফিকেট, (চ) ডি.এড., ডি.এল.এড. বা, বি.এড. পাশের মার্কশীট ও সার্টিফিকেট, (ছ) ডিগ্রি কোর্স পাশের মার্কশীট ও সার্টিফিকেট (যদি থাকে), (জ) কাস্ট সার্টিফিকেট, (ঝ) প্রতিবন্ধী সার্টিফিকেট (যদি থাকে), (ঞ) এক্সেমটেড ক্যাটেগরির সার্টিফিকেট, (ট) প্রাক্তন সমরকর্মীর সার্টিফিকেট (যদি থাকে), (ঠ) প্যারা টিচারদের বেলায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দেওয়া প্রথম এনগেজমেন্ট লেটার, (ড) প্যারা টিচারদের অভিজ্ঞতার প্রমাণপত্র হিসাবে ডি.পি.ও. /এস.ডি.ও.-এর দেওয়া সার্ভিস-কাউন্টিং ও বয়স ছাড়ের প্রমাণপত্র, (ঢ) অতিরিক্ত যোগ্যতা হিসাবে যা যা প্রমাণপত্র আছে, নিয়োগ বিধি অনুযায়ী সেগুলি, (ণ) ভোটার /আধার কার্ড, (ত) ১ কপি পাশপোর্ট মাপের ফটো।

ইন্টারভিউয়ের কল লেটার প্রার্থীর ই-মেল আই.ডি.-তে পাঠানো হয়েছে। এছাড়া প্রার্থীরা সরাসরি ওয়েবসাইট থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে www.wbbpe.org, www.wbbprimaryeducation.org

নতুন বছর নতুন শপথ
নতুন বছরে CACES-এর আকর্ষণীয় 3টি কোর্স:
WBCS 23,'24,'25
রাজ্যে নতুন 7টি জেলা, কয়েক ডজন মহকুমা ও ব্লক আগামীতে গঠিত হবে। ফলে ভ্যাকেন্সি বাড়বে কয়েক গুণ।
Bank PO
SBI PO 6500 + Post
CPTP (PSC, SSC, Rail, Bank, Defence etc)
SSC CGL 20000 + Post
CACES 2/80, দমদম রোড, কোল-74 (Opp GTR) Mob (WhatsApp)
9062756906 / 9123846235

স্টাফ সিলেকশন কমিশনের
কম্বাইন্ড H.S. পরীক্ষার
মাধ্যমে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে ৪৫০০ ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। পরীক্ষা হবে ফেব্রুয়ারী / মার্চ মাস নাগাদ।
সিলেবাস ভিত্তিক গত কয়েক বছরে এই পরীক্ষায় আসা প্রশ্নোত্তরের বিশ্লেষণ সহ নতুন কয়েকশো প্রশ্নোত্তর নিয়ে বেরলো
স্পেশাল সংখ্যা
Appointment & Career News
সাফল্য সাধারণ জ্ঞান
সাফল্য
হেল্পলাইন: 9830624170

## ১,৪৫৮ টাইপিস্ট

১ পাতার পর

তোলার গতি থাকলে আবেদন করতে পারেন। মূল মাইনে: ২৯,২০০-৯২,৩০০ টাকা।

**শূন্যপদ**: ১৪৩টি (জেনাঃ ৫৮, ও.বি.সি. ৩৯, তঃজাঃ ২১, তঃউঃজাঃ ১১, ই.ডব্লু.এস. ১৪)।

**শরীরের মাপজোখ**: ওপরের দুই পদের বেলায়ই শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৬৫ সেমি (আদিবাসী ও তপশিলী উপজাতি হলে ১৬২.৫ সেমি) আর মেয়েদের বেলায় ১৫৫ (আদিবাসী ও তপশিলী উপজাতি হলে ১৫০) সেমি। ছেলেদের বেলায় বুকের ছাতি না-ফুলিয়ে ৭৭ সেমি, ফুলিয়ে ৮২ সেমি (আদিবাসী ও তপশিলী উপজাতি হলে ফুলিয়ে ও না ফুলিয়ে ১ সেমি ছাড় পাবেন)। ওজন হতে হবে উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। যেমন ছেলেদের বেলায় ১৬২.৬০ সেমি উচ্চতার জন্য ৪৫.৪০ কেজি, ১৬৫.১০ সেমি উচ্চতার জন্য ৪৬.৩৯ কেজি হতে হবে আর মেয়েদের বেলায় ১৫৫ সেমি উচ্চতার জন্য ৪২ কেজি, ১৬০ সেমি উচ্চতার জন্য ৪৩ কেজি। এছাড়াও ১ সেমি উচ্চতা কম-বেশি হলে ওজন ০.৭১ কেজি কম-বেশি হবে। দৃষ্টিশক্তি হতে হবে ছেলে ও মেয়েদের বেলায় চশমা ছাড়া ডান চোখে ৬/৬ ও বাঁ চোখে ৬/১২ কিংবা দু'চোখে ৬/৯।

**বয়স**: বয়স হতে হবে ২৫-১-২০২৩'এর হিসাবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২৬-১-১৯৯৮ থেকে ২৫-১-২০০৫'এর মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর ও প্রাক্তন সমরকর্মী আর সি.আর.পি.এফ. কর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। বাঁকা হাঁটু, পায়ের চ্যাটালো পাতা, শিরাস্ফীতি, ট্যারা দৃষ্টি, বর্ণান্ধতা বা, শারীরিক কোনো ত্রুটি থাকলে আবেদন করবেন না।

**প্রার্থী বাছাই পদ্ধতি**: প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে কম্পিউটার বেসড টেস্ট, স্কিল টেস্ট, শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা, সার্টিফিকেট ভেরিফিকেশন ও ডাক্তারি পরীক্ষা হবে।

কম্পিউটার বেসড টেস্টে থাকবে ১০০টি অবজেক্টিভ টাইপের প্রশ্ন। পরীক্ষা হবে ২২-২৮ ফেব্রুয়ারি। প্রশ্ন হবে এইসব বিষয়ে: (১) ইংলিশ ল্যাঙ্গোয়েজ-২৫টি প্রশ্ন, (২) জেনারেল অ্যাপ্টিটিউড - ২৫টি প্রশ্ন, (৩) জেনারেল ইন্টেলিজেন্স - ২৫টি প্রশ্ন, (৪) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউট - ২৫টি প্রশ্ন। প্রশ্ন হবে উচ্চমাধ্যমিক মানের, ইংরিজি ও হিন্দিতে। সময় থাকবে দেড় ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। কম্পিউটার বেসড টেস্টে সাধারণ প্রার্থীরা ৪০% (তপশিলী, ও.বি.সি., ই.ডব্লু.এস. প্রার্থীদের বেলায় ৩৫%) নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন।

**স্কিল টেস্ট**: স্কিল টেস্টে থাকবে: সাব-ইন্সপেক্টর (স্টেনো) পদের বেলায় মিনিটে ৮০টি শব্দ তোলার গতিতে ১০ মিনিটের ডিকটেশন টেস্ট। এরপর কম্পিউটারে ৫০ মিনিটে ট্রান্সক্রাইব করতে হবে।
হেড কনস্টেবল (মিনিস্ট্রিয়াল) পদের বেলায় কম্পিউটারে মিনিটে ৩৫টি শব্দ তোলার গতিতে টাইপ করতে হবে।

**দরখাস্ত করার পদ্ধতি**: দরখাস্ত করবেন অনলাইনে, ৪ জানুয়ারি থেকে ২৫ জানুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে: www.crpf.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। ফটো ও সিগনেচার স্ক্যান করবেন ৫০-১০০ কেবির মধ্যে। প্রথমে ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করতে হবে। তখন পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন। তপশিলী, মহিলা, প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না। কোনো অসুবিধা হলে ফোন করতে পারেন এই নম্বরে: ০২২-৬১০৮৭৫২৯।

## উচ্চশিক্ষার জন্য সংখ্যালঘুদের স্কলারশিপ

ওয়েস্ট বেঙ্গল মাইনোরিটিজ ডেভেলপমেন্ট অ্যান্ড ফিনান্স কর্পোরেশন ঐক্যশ্রী প্রকল্পে সংখ্যালঘু সম্প্রদায়ের প্রার্থীদের জন্য স্কলারশিপ দিচ্ছে। দেওয়া হবে এইসব স্কলারশিপ: প্রি-ম্যাট্রিক, পোস্ট ম্যাট্রিক, মেরিট কাম মিনস, এস.ভি.এম.সি.এম., পোস্ট ম্যাট্রিক ট্যালেন্ট সাপোর্ট প্রোগ্রাম। দরখাস্ত করার শেষ তারিখ ৩১ জানুয়ারি। বিস্তারিত তথ্য পাবেন এই নম্বরে: 18001202130, Whatsapp No.: 8017071714.

## পি.এস.সি.'র ইন্টারভিউ

পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের বিজ্ঞপ্তি নং ৬/২০২০'এর ডিস্ট্রিক্ট অর্গানাইজার অফ ফিজিক্যাল এডুকেশন পদের ইন্টারভিউ হবে ১৬, ১৭, ১৮, ১৯ জানুয়ারি। বিজ্ঞপ্তি নং: ১৫/২০২০'এর অ্যাসিস্ট্যান্ট সয়েল কেমিস্ট পদের ইন্টারভিউ হবে ৩১ জানুয়ারি। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে: www.wbpsc.gov.in

## 'টেট' পাশদের বয়স পেরিয়ে গেলেও

১ পাতার পর

কিন্তু বয়স ৪০ বছরের বেশি হয়ে গেছে, তাঁরাও ২০২২ সালের প্রাইমারি টিচার নিয়োগের পরীক্ষায় অর্থাৎ, ইন্টারভিউয়ে অংশ নিতে পারবেন। ওইসব প্রার্থীরা অনলাইনে কবে থেকে দরখাস্ত করতে পারবেন সে বিষয়ে বিস্তারিত তথ্য ওয়েবসাইটে দেওয়া হবে। পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ ২৭ ডিসেম্বর এক বিজ্ঞপ্তিতে একথা জানায়।

অন্যদিকে, কেন্দ্রীয় সরকারের সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশনের নেওয়া 'সি-টেট' পরীক্ষায় পাশ করা প্রার্থীরা এবার থেকে রাজ্যের প্রাথমিক শিক্ষক পদের জন্য সরাসরি ইন্টারভিউ দিতে পারবেন। কলকাতা হাই কোর্টের নির্দেশ মেনে পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ ২৭ ডিসেম্বর এক বিজ্ঞপ্তিতে জানায়, 'সি-টেট' পাশ প্রার্থীরা প্রাথমিক শিক্ষক নিয়োগের ইন্টারভিউয়ের জন্য অংশ নিতে পারবেন। তবে তাঁদের চাকরির সুপারিশপত্র দেওয়া হবে কিনা, সে বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেবে আদালত। 'সি-টেট' পাশ প্রার্থীরা কবে থেকে প্রাইমারির ইন্টারভিউয়ের জন্য অনলাইনে দরখাস্ত করতে পারবেন সে বিষয়ে বিস্তারিত তথ্য দেওয়া হবে এই ওয়েবসাইটে: www.wbbponline.com

SANTIPUR PRIMARY TEACHERS' TRAINING INSTITUTE
Recognized by NCTE and Affiliated to WBBPE
Vill.- Babla Dakshinpara, P.O-Babla Gobindapur,
P.S - Santipur, Dist.- Nadia, Pin - 741404, W.B
D.El.Ed. কোর্সে কম খরচে ভর্তি হওয়ার সুবর্ণ সুযোগ
D.El.Ed (2022–24)জন্য 12-01-2023 তারিখের মধ্যে যোগাযোগ করুন
9775971784 / 6296288917

রাজ্য প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্বীকৃত
ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি (ডি.এম.এল.টি) কোর্সে ভর্তি
**Direction (Qs.40–42) :** *A, B, C and D are four sisters. They possess B.A., B.Sc., B.Com. and Doctorate degree. These qualifications are not arranged chronologically in accordance with their names. W, X, Y and Z are their sons. None of these sisters have more than one son. C possess B.Sc. degree. The name of the sons of A and B are not X. The mother of Z possesses doctorate degree. B possesses B. Com. degree and the son of D is W.*

40. Who is the mother of X?
(A) C (B) B (C) D (D) A

41. What is the educational qualification of the mother of Y?
(A) B.A. (B) B.Sc. (C) B.Com. (D) Doctorate

42. Who is the son of B?
(A) Z (B) X (C) Y (D) W

## সেকেন্ডে উত্তরের কৌশল

1(C). 5×8÷4−2+9. 2(D). 3(D). প্রশ্নটি থেকে সঠিক সিদ্ধান্তে আসা যাবে না, A ও D-র মধ্যে কে বেশি ওজনের। 4(B). 974, 574, 274 5(C). শব্দটি হবে ANT. 6(B). ইংরিজি বর্ণমালাকে বিপরীত দিক থেকে সাজিয়ে ডান দিক থেকে ৭ম বর্ণ G আর G থেকে বাম দিকে ৮ম বর্ণ O 7(C). রক্তের রং লাল। এখানে Red কে বলা হয়েছে white. 8(A). UOJRLAN 9(D). JPR 10(D). 11(C). একটি মাসের ৩ তারিখ সোমবার। জানতে চাওয়া হয়েছে ২১ তারিখের ৫ দিন পরে অর্থাৎ, ২৬ তারিখ কী বার হবে। ৩ তারিখ সোমবার। সুতরাং ১০, ১৭ ও ২৪ তারিখ সোমবার হবে। ২৬ তারিখ ২৪ তারিখের ২ দিন পর। তাই দিনটি হবে সোমবারের দু'দিন পর বুধবার বা Wednesday. 12(B). প্রথম দু'টির তুলনা করে পাওয়া যায় 3=hot, দ্বিতীয় ও তৃতীয়র তুলনা করে পাওয়া যায় 5=day. অতএব, b-র অবশিষ্ট সংখ্যা 6=very। 13(B). BENEFICIAL কে দুটি সমান ভাগে ৫টি করে বর্ণে ভাগ করলে হবে - BENEF ও ICIAL সুতরাং স্থান বদলালে হবে ICIALBENEF. ডান দিক থেকে তৃতীয় অক্ষরটি হবে N. 14(D). 15(D). এখানে CLEAN শব্দটির প্রতিটি অক্ষর, বর্ণমালায় যে স্থানে আছে, সেই স্থান-সংখ্যাগুলির যোগ থেকে code হয়েছে। যেমন, CLEAN-এর C বর্ণমালায় তৃতীয় (3) স্থানে L আছে বর্ণমালায় দ্বাদশ (12) স্থানে, E, A ও N ঠিক একইভাবে আছে যথাক্রমে পঞ্চম (5), প্রথম (1), ও চতুর্দশ (14) স্থানে। এবার অক্ষরগুলির স্থান-সংখ্যার যোগফল হবে : 3+12+5+1+14 = 35 এই যোগফলের সঙ্গে 5 যোগ করে 35+5 = 40 হয়েছে code. এবার BIRTH থেকেও ঠিক একইভাবে বর্ণমালায় অক্ষরগুলির স্থান-সংখ্যা হবে যথাক্রমে B = 2, I = 9, R = 18, T = 20 ও H = 8 বা যোগফল হবে 2+9+18+20+8 = 57. এবার এই '57' এর সঙ্গে 5 যোগ করলে Code হবে 57+ 5 = 62. 16(B). এখানে প্রতিটি আনুভূমিক সারির সংখ্যাগুলির একক, দশক ও শতক যোগ করলে প্রতিক্ষেত্রেই একই হবে —এইটিই হল সূত্র। যেমন : প্রথম সারির : 234→2+3+4 = 9, 364→3+6+4 = 13, 532→5+3+2 = 10, এবার দ্বিতীয় সারির : 153→1+5+3 = 9, 571→5+7+1 = 13, 802→8+0+2= 10. তাহলে তৃতীয় সারির শেষ সংখ্যার (প্রশ্নবোধক চিহ্ন স্থলের) একক, দশক ও শতক যোগ করলে 10 হবেই। এবার উত্তরগুলির মধ্যে কোনটির একক, দশক ও শতক যোগ করলে 10 হবে, বের করুন। নির্ঘাৎ 523→5+2+3= 10. 17(d). এখানে প্রতিটি উত্তরের বাঁ দিকের সংখ্যা থেকে কীভাবে ডান দিকের সংখ্যা আছে তা বের করুন। 11×2-6 = 16, 7×2-6=8, 13×2-6=20. কিন্তু 19×2 -6 =32 হবে, আছে 31. তাই এটি আলাদা। 18(C). এখানে বিবৃতি দু'দিকে ছকে সাজালে এই তিনটি ছক হবে:

(1)  (2) (3)

প্রথম ছবিটির প্রথম দুটি পাখি ও বেড়াল আর তৃতীয় বৃত্তটি কুকুর। দ্বিতীয় ছবিটির তিনটি বৃত্তের মাঝেরটি পাখি ও দুপাশে কুকুর আর বেড়াল। তৃতীয় ছবিটির ওপরের বৃত্তটি পাখি ও আর ভিতরের বৃত্তটি বিড়াল আর নিচের বৃত্তটি কুকুর। এবার কোন সিদ্ধান্তটি সঠিক নিজেই বিচার করুন। 19(C). কল্পনা কীভাবে এগোচ্ছে তা প্রশ্নপত্রের পাশেই পেন্সিল দিয়ে এঁকে ফেলুন এইভাবে :




পাশে ছবিটি দেখে বুঝতে পারছেন, কল্পনা যাত্রার বিন্দু থেকে 15 +10 = 25 মিটার দূরে আছে। 20(B). এখানে একটি বাদে অন্য সব ত্রিভুজের বেলায় ত্রিভুজের বাঁ ও ডান দিকের সংখ্যার গুণফল থেকে নিচের সংখ্যা বাদ দিয়ে যে সংখ্যা হচ্ছে, তা ত্রিভুজের মধ্যে বসছে। যেমন : প্রথম ত্রিভুজের বেলায় : 7×5-12 = 23. অন্যান্য ত্রিভুজের বেলায় হচ্ছে : 9 ×3-10 = 17, 5×8 -14= 26, 4×8-10 = 22. দ্বিতীয় ত্রিভুজের বেলায়, ভিতরে 18 আছে। কিন্তু থাকা উচিত ছিল 17 তাই এটি আলাদা। 21(C). একটি বৃত্ত বাদে অন্য সব বৃত্তের ভিতরে অন্তত একটি সোজা ব্যস আছে। 22(C). এখানে দুটি Series আছে যথাক্রমে : 6,10, 16, 26, ? ও 4, 5, 6, 7, 8. প্রথম Series -এর বেলায় সংখ্যাগুলি বাড়ছে 4,6,10. 16 এইভাবে। তাহলে প্রশ্নবোধক চিহ্নস্থলে বসবে 42. 23(B). এখানে 4টি বিবৃতি অনুযায়ী 6 ব্যক্তি কীভাবে গোলাকারে বসেছে তা প্রশ্নপত্রের পাশেই পেন্সিল দিয়ে চটপট এঁকে ফেলুন এইভাবে : এবার পাশের ছবিটি থেকে দেখুন, মনোজের বাঁ দিকে বসেছে বাবলু। 24(D).




এবার ওপরের ওই ছবিটির মনোজের জায়গায় বিনোদ ও বিনোদের জায়গায় মনোজ আসে, তাহলে বিনোদ ও লালনের মাঝ যথারীতি বাবলুই আসবে। 25(C). CONVERSATION শব্দটির অক্ষরগুলি দিয়ে একমাত্র COVER শব্দটি লেখা যায়। 26(A). FED-র 6টি ঘর পরের (G,H,I,J,K,L) অক্ষর হল M আবার E-র 5টি ঘর পরের (F,H,I,J) অক্ষর হল K ও D-র 8টি ঘর পরের (E,F,G,H) অক্ষর হল I। এই তিনটি অক্ষর নিয়ে MKI হয়েছে FED-র code. ঠিক এই নিয়মেই PON-এর code হবে WUS. 27(D). এখানে CDG ও CDD-র D এর আগে যেমন C আছে, তেমন পরে E নেই। তাই এমন সংখ্যা আছে 2টি। 28(C). এখানে প্রতিটি সংখ্যার সঙ্গে তার উল্টোদিকের সংখ্যার সম্পর্ক আছে। কিন্তু কেমন সম্পর্ক আছে? 5 কীভাবে 21 হচ্ছে? $5^2-4 = 21$. এবার এই নিয়মই অন্যগুলির ক্ষেত্রে খাটছে কিনা দেখে নিন। $9^2-4 = 77$, $2^2-4 = 0$. নিয়মটি সঠিকই আছে তাহলে 1 এর বিপরীতে বসবে $1^2-4=-3$. 29(B). এখানে 2,11, 45, 135, 273 সারিটি কীভাবে আছে দেখুন : 2×5+1 =11, 11×4+1 = 45,45×3+1 = 136, 136×2+1 = 273. তাহলে কোন সংখ্যাটি ভুল আছে? 136-এর জায়গায় 135 আছে। 30(C). 31(C). 32(D). 33(B). 34(A). 35(B). 36(D). 37(B). 38(D). 39(D). 40(A). এখানে বিবৃতিতে বলছে 'D'-র ছেলে W আর A ও B-র ছেলে 'X' নয়। তাহলে 'X' হতে পারে একমাত্র 'C'-র ছেলে। 41(C). 42(C). B-এর ছেলে হবে একমাত্র Y.

Karmasangsthan

## ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর

**২০ ডিসেম্বর** : ব্রিটিশ মাসিক চলচ্চিত্র পত্রিকা 'এম্পায়ার'এর বিচারে, সর্বকালের সেরা ৫০ জন অভিনেতাদের মধ্যে একমাত্র ভারতীয় অভিনেতা হিসাবে স্থান পেলেন বলিউড সুপারস্টার শাহরুখ খান। শাহরুখ ছাড়াও এই তালিকায় রয়েছেন ডেনজেল ওয়াশিংটন, টম ক্রুজ, ফ্লোরেন্স পাগ, টম হ্যাঙ্কস-সহ আরও অনেকে। প্রসঙ্গত উল্লেখ্য, দর্শকদের ভোটের নিরিখে এই সেরা অভিনেতাদের তালিকা নির্ধারণ করা হয়।

❑ গ্রামীণ উন্নয়নে অসামান্য অবদানের জন্য, প্রথম 'রোহিনী নায়ার পুরস্কার' পেলেন সেথ্রিচেম সাংতাম, যিনি পূর্ব নাগাল্যান্ডের ১,২০০ জন প্রান্তিক কৃষকের আয় তিন গুণ বাড়াতে সাহায্য করেছেন। ৪০ বছর বা তার কম বয়সি একজন ব্যক্তিকে এই পুরস্কার দেওয়া হয়। 'বেটার লাইফ ফাউন্ডেশন' নামে একটি এনজিও পরিচালনা করেন সেথ্রিচেম, যার মাধ্যমে ১,২০০ কৃষকের আয় বাড়াতে সাহায্য করেছেন তিনি। প্রসঙ্গত উল্লেখ্য, 'পরিকল্পনা কমিশন'এর সঙ্গে কাজ করা, প্রখ্যাত অর্থনীতিবিদ ড.রোহিনী নায়ারের স্মরণে এই পুরস্কারটি চালু করা হয়েছে, যিনি ২০২১ সালের ২৪ অক্টোবর মারা যান।



২০২১-'২২ সালে যৌথভাবে 'রবীন্দ্রনাথ ঠাকুর সাহিত্য পুরস্কার' পেলেন সুদীপ সেন ও শোভনা কুমার। 'Anthropocene : Climate Change, Contagion, Consolation' বইটির জন্য এই পুরস্কার পেয়েছেন সুদীপ সেন। অন্যদিকে, 'A Sky Full of Bucket Lists' বইটির জন্য এই পুরস্কার পেয়েছেন শোভনা কুমার।

❑ কিংবদন্তি প্রাক্তন ক্রীড়াবিদ ও সাংসদ পি.টি.উষা'কে রাজ্যসভার উচ্চকক্ষে ভাইস চেয়ারপার্সন প্যানেলে অন্তর্ভুক্ত করলেন রাজ্যসভার চেয়ারম্যান তথা পশ্চিমবঙ্গের প্রাক্তন রাজ্যপাল জগদীপ ধনখড়। ভারতীয় সংবিধানের ইতিহাসে এই প্রথম কোনো মহিলা সদস্যাকে এই প্যানেলের অন্তর্ভুক্ত করা হল। পি.টি.উষা ছাড়াও, ওয়াইএসআর কংগ্রেসের রাজ্যসভার নেতা ভি.বিজয়সাই রেড্ডি'কেও এই প্যানেলে অন্তর্ভুক্ত করা হয়েছে। এই ২ জনকে প্যানেলে অন্তর্ভুক্ত করায়, প্যানেলের মোট সদস্যসংখ্যা বেড়ে হল ৯ জন। বাকি ৭ জন হলেন : ভুবনেশ্বর কালিতা, সরোজ পাণ্ডে, সুরেন্দ্র সিং নাগার, সুখেন্দু শেখর রায়, এল.হনুমানথাইয়া, সাস্মিত পাত্র ও তিরুচি শিবা।

❑ 'পুমা ইন্ডিয়া'র প্রচারদূত হলেন বলিউড অভিনেত্রী অনুষ্কা শর্মা।

❑ রাশিয়ার বিরুদ্ধে ইউক্রেনের শক্তি বাড়াতে, তাদের বিশ্বের অন্যতম শক্তিধর মিসাইল প্যাট্রিয়ট মিসাইল সিস্টেম দেবে মার্কিন যুক্তরাষ্ট্র। এয়ারক্র্যাফট মিসাইল, ক্রুজ মিসাইল, শর্টার রেঞ্জ ব্যালিস্টিক মিসাইলকে টার্গেট করে ধ্বংস করতে পারে এই প্যাট্রিয়ট মিসাইল। ৮টি লঞ্চার সম্পন্ন প্রতিটি মিসাইলে রয়েছে ট্রাক মাউন্টেড লঞ্চার সিস্টেম। রয়েছে র‍্যাডার, কন্ট্রোল স্টেশন ও জেনারেটর। প্রসঙ্গত উল্লেখ্য, ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি'র ওয়াশিংটন সফরের সময় উন্মোচিত ১.৮৫ বিলিয়ন ডলারের সহায়তার অংশ হল এই সিস্টেম।

❑ 'ইন্ডিয়ান প্রিমিয়র লিগ'এর মুকুটে যোগ হল নয়া পালক। কনসাল্টিং ও অ্যাডভাইসরি প্ল্যাটফর্ম 'ডি অ্যান্ড পি অ্যাডভাইসরি' রিপোর্ট অনুযায়ী, এখন ডেকাকর্নে উন্নীত হয়েছে আইপিএল। ২০২০ সালে আইপিএল'এর যা বাজারমূল্য ছিল, তা ৭৫% বেড়ে ২০২২ সালে ১০.৯ বিলিয়ন মার্কিন ডলারে পৌঁছে গেছে। রিপোর্ট অনুযায়ী, আইপিএল হল বিশ্বের প্রথম কোনো ক্রীড়া লিগ, যারা ডেকাকর্নের তকমা পেল। প্রসঙ্গত উল্লেখ্য, কোনো কিছুর বাজারমূল্য ১০ বিলিয়ন ডলার পেরোলেই তা 'ডেকাকর্ন'এ উন্নীত হয়।

❑ চেন্নাইয়ের কাট্টুপল্লীতে, দেশীয়ভাবে তৈরি জাহাজ 'আইএনএস আর্নল' চালু করল ভারতীয় নৌবাহিনী। ৮টি অ্যান্টি-সাবমেরিন ওয়ারফেয়ার শ্যালো ওয়াটার ক্র্যাফটের মধ্যে প্রথম হল 'আর্নল', যা তৈরি করেছে 'গার্ডেন রিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স লিমিটেড'। চেন্নাইতে এক অনুষ্ঠানে, জাহাজটিকে প্রথমবার বঙ্গোপসাগরের জলে ভাসানো হয়। মহারাষ্ট্রের ভাসাই থেকে প্রায় ১৩ কিলোমিটার উত্তরে অবস্থিত 'আর্নল' দ্বীপের সামুদ্রিক গুরুত্ব তুলে ধরার জন্য এই জাহাজটির নাম রাখা হয়েছে 'আর্নল'। ভারতীয় নৌবাহিনীর 'অভয়' অ্যান্টি-সাবমেরিন ওয়ারফেয়ার জাহাজের বদলে এই 'আর্নল' শ্রেণির জাহাজ তৈরি করা হয়েছে। ২০১৯ সালে এই অ্যান্টি-সাবমেরিন ওয়ারফেয়ার শ্যালো ওয়াটার ক্র্যাফট জাহাজগুলি তৈরির জন্য, 'কোচিন শিপইয়ার্ডস লিমিটেড' ও 'গার্ডেন রিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স লিমিটেড'এর সঙ্গে চুক্তি স্বাক্ষর করেছিল কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রক। ৭৭.৬ মিটার লম্বা এই জাহাজটি সর্বোচ্চ ২৫ নট গতিতে চলতে পারে ও ১,৮০০ নটিক্যাল মাইল পর্যন্ত ভ্রমণ করতে পারে। ৩টি ডিজেল চালিত ওয়াটার জেটের মাধ্যমে চালিত হয় এই জাহাজ। প্রায় ৮০% দেশীয় সামগ্রী দিয়ে এই জাহাজটি তৈরি করা হয়েছে।

**২১ ডিসেম্বর** : 'নিউ দিল্লি ইন্টারন্যাশনাল আরবিট্রেশন সেন্টার'এর চেয়ারপার্সন হলেন 'সুপ্রিম কোর্ট'এর প্রাক্তন বিচারপতি হেমন্ত গুপ্তা।

❑ 'এয়ার ইন্ডিয়া'র কম খরচের এয়ারলাইন ব্যবসার প্রধান হলেন অলোক সিং। ১ জানুয়ারি থেকে দায়িত্ব নিয়েছেন তিনি।

❑ রাজ্যের ১৯টি শহরে ২৪×৭ পাইপযুক্ত পানীয় জল প্রকল্প 'ড্রিঙ্ক ফ্রম ট্যাপ' চালু করলেন ওড়িশার মুখ্যমন্ত্রী নবীন পট্টনায়েক। এই শহরগুলির প্রায় ৫.৫ লাখ মানুষ এই প্রকল্প থেকে উপকৃত হবেন। এদিন মুখ্যমন্ত্রী জানিয়েছেন, এইসব শহরের সব পরিবার 'ব্যুরো অফ ইন্ডিয়ান স্ট্যান্ডার্ডস'এর মানদণ্ড মেনে সরাসরি কল থেকে পানীয় জল পাবেন।

❑ ব্রিটিশ পাউন্ড ও মার্কিন ডলারের মতো ভারতীয় মুদ্রাও এবার আন্তর্জাতিক বাণিজ্যে ব্যবহৃত হবে। সেই উদ্দেশ্যকে সফল করার জন্য আরও একধাপ এগোল ভারত। আন্তর্জাতিক বাণিজ্যের জন্য ভারতের মুদ্রা ব্যবহারের বিষয়ে সম্মতি দিল শ্রীলঙ্কা। শ্রীলঙ্কার ব্যাঙ্কগুলি ভারতীয় মুদ্রা ব্যবহার করে বাণিজ্যের জন্য এরমধ্যেই স্পেশাল রুপি ট্রেডিং অ্যাকাউন্ট খুলেছে, যার নাম দেওয়া হয়েছে 'স্পেশাল ভস্ত্রো রুপি অ্যাকাউন্টস'। কেন্দ্রীয় সরকার জানিয়েছে, বিশ্বের যেসব দেশে অর্থনৈতিক দুর্বলতার কারণে মার্কিন ডলারের অভাব রয়েছে, সেসব দেশকে ভারতীয় মুদ্রার বাণিজ্য নিষ্পত্তি প্রক্রিয়ার অধীনে আনার উপায় খোঁজা হচ্ছে। সেই উদ্যোগেরই প্রথম সঙ্গী হল শ্রীলঙ্কা।

❑ ২৭ ফেব্রুয়ারি থেকে ৫ মার্চ, ভারতের প্রথম 'বিশ্ব টেবল টেনিস' সিরিজ ইভেন্ট আয়োজন করবে গোয়া। গোয়া বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের 'শ্যামা প্রসাদ মুখার্জি ইন্ডোর স্টেডিয়াম'এ, এই সিরিজটি আয়োজিত হবে। গোয়া সরকার ও 'ভারতীয় টেবল টেনিস ফেডারেশন'এর সহযোগিতায়, 'স্তপা অ্যানালিটিক্স কোম্পানি' এই অনুষ্ঠানটি আয়োজন করবে।




২০২২ সালে 'বিবিসি বর্ষসেরা ক্রীড়া ব্যক্তিত্ব'এর শিরোপা পেলেন ইংল্যান্ডের মহিলা ফুটবলার বেথ মিড। প্রথম মহিলা ফুটবলার হিসাবে এই পুরস্কার পেলেন ২৭ বছর বয়সি বেথ। এবছর মহিলাদের ইউরো'তে সর্বোচ্চ স্কোরার ছিলেন তিনি। এই টুর্নামেন্টে ৬টি গোল করার পর, 'সোনার বুট' জেতেন ও টুর্নামেন্টের সেরা খেলোয়াড়েরও স্বীকৃতি পান তিনি।

❑ রাষ্ট্রসঙ্ঘের সাধারণ পরিষদের ৫৬ তম পূর্ণাঙ্গ সভায়, পিসবিল্ডিং কমিশনের সদস্য হিসাবে নির্বাচিত হল নেপাল। ২০২৩ সালের ১ জানুয়ারি থেকে, ২ বছরের জন্য এই সদস্যপদ পেল নেপাল।

❑ ২০২৩ সালে নয়া দিল্লিতে 'এশিয়ান রেসলিং চ্যাম্পিয়নশিপ' আয়োজিত হবে। ২৮ মার্চ থেকে ২ এপ্রিল পর্যন্ত হবে এই চ্যাম্পিয়নশিপ।

**২২ ডিসেম্বর** : সৌদি আরবে, ভারতের পরবর্তী রাষ্ট্রদূত হলেন ড.সুহেল আজাজ খান।

❑ এসবিআই ফান্ডস ম্যানেজমেন্ট'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হলেন শামসের সিং।

❑ ২০২২ সালে 'ডিজিটাল ইন্ডিয়া পুরস্কার'এ, 'প্ল্যাটিনাম আইকন' জিতল কেন্দ্রীয় সরকারের 'স্মার্ট সিটি মিশন'। 'ডাটা স্মার্ট সিটিস : এমপাওয়ারিং সিটিস থ্রো ডাটা' উদ্যোগের জন্য, 'ডাটা শেয়ারিং অ্যান্ড ইউজ ফর সোশিও ইকোনমিক ডেভেলপমেন্ট' বিভাগে এই সম্মান পেল তারা। ২০১৫ সালের ২৫ জুন, ভারতে স্মার্ট সিটি মিশন চালু করেছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এই প্রকল্পে ভারতের বিভিন্ন শহরের উন্নয়ন ও কর্মসংস্থান বাড়ানোর ও নাগরিক পরিষেবার উন্নতির কথা বলা হয়েছে।

❑ ভারতের প্রথম কার্বন-নিরপেক্ষ পাওয়ার এক্সচেঞ্জে পরিণত হল ভারতের শীর্ষস্থানীয় ও প্রিমিয়র এনার্জি মার্কেট প্ল্যাটফর্ম 'ইন্ডিয়ান এনার্জি এক্সচেঞ্জ'। কার্বন নির্গমন নিঃসরণ করতে, বাজার-ভিত্তিক ব্যবসায়িক যন্ত্র ব্যবহার করে কার্বন-নিরপেক্ষ পাওয়ার এক্সচেঞ্জে পরিণত হল তারা। প্রসঙ্গত উল্লেখ্য, ইউএনইপি ২০২২ রিপোর্ট অনুযায়ী, বিশ্ব উষ্ণায়ণকে ১.৫ ডিগ্রিতে সীমাবদ্ধ রাখতে ২০৩০ সালের মধ্যে গ্লোবাল গ্রিনহাউস গ্যাস নির্গমন অবশ্যই ৪৫% কমানো দরকার।

❑ 'ভিনফিউচার প্রাইজ কাউন্সিল'এর তরফ থেকে, ২০২২ সালে 'ভিনফিউচার বিশেষ পুরস্কার' পেলেন প্রখ্যাত গবেষক তথা মাদ্রাজ আইআইটি'র অধ্যাপক থালাপ্পিল প্রদীপ। ভূগর্ভস্থ জল থেকে আর্সেনিক ও অন্যান্য ধাতব পদার্থ দূরীকরণে কম খরচে পরিস্রবণের বিশেষ পদ্ধতি উদ্ভাবনের জন্য, 'উন্নয়নশীল দেশ থেকে উদ্ভাবকদের জন্য উৎসর্গীকৃত বিশেষ পুরস্কার' পেলেন তিনি।

❑ ট্রান্সজেন্ডার আইন পাস করল স্পেনের সংসদের নিম্নকক্ষ। এই আইন অনুযায়ী, ১৬ বছর বা তার বেশি বয়সি যে কেউ চিকিৎসা তত্ত্বাবধানের প্রয়োজন ছাড়াই, আইনিভাবে নিজেদের লিঙ্গ পরিবর্তন করতে পারবেন। এই আইনের পক্ষে ভোট পড়েছে ১৮৮টি ও বিপক্ষে ভোট পড়েছে ১৫০টি। চূড়ান্ত অনুমোদনের জন্য এখন এটিকে সেনেটে পাঠানো হয়েছে।

❑ ঐতিহাসিক মোধেরার সূর্য মন্দির-সহ ভারতের আরও ৩টি স্থান 'ইউনেস্কো' হেরিটেজ সাইটের অস্থায়ী তালিকায় যুক্ত হল। মোধেরা ছাড়াও, বাকি ২টি স্থান হল গুজরাতের ভাদনগর শহর ও ত্রিপুরার উনাকোটির পাথর কেটে তৈরি ভাস্কর্য। এর ফলে, ইউনেস্কো'র অস্থায়ী তালিকায় ভারতের এমন ৫২টি স্থান রয়েছে, যেগুলি ভারতের বিভিন্ন সাংস্কৃতিক ও প্রাকৃতিক সম্পদ তুলে ধরে।

❑ সাম্প্রতিক ফিফা র‍্যাঙ্কিংসে ১০৬ তম স্থান পেল ভারত। প্রথম ও দ্বিতীয় স্থানে রয়েছে যথাক্রমে ব্রাজিল ও আর্জেন্তিনা।

❑ ভারতীয় উপমহাদেশের জন্য, ২০২৪ সালের 'প্যারিস অলিম্পিক্স' ও ২০২৪ সালের 'শীতকালীন যুব অলিম্পিক্স' সম্প্রচারের একচেটিয়া স্বত্ব পেল মুকেশ আম্বানির সংস্থা 'রিলায়েন্স গোষ্ঠী'র শাখা 'ভায়াকম ১৮'। এই স্বত্বের মাধ্যমে টেলিভিশন চ্যানেল ও অনলাইন, দুই মাধ্যমেই খেলা সম্প্রচার করতে পারবে রিলায়েন্স। প্রসঙ্গত উল্লেখ্য, এই ভারতীয় উপমহাদেশের মধ্যে রয়েছে ভারত, বাংলাদেশ, ভুটান, মলদ্বীপ, নেপাল, পাক-ই-স্তান ও শ্রীলঙ্কা।

**২৩ ডিসেম্বর** : কার্ডিয়াক সমস্যায় ভুগছেন, এমন ব্যক্তিদের জন্য কৃত্রিম হৃদপিণ্ড তৈরি করলেন আইআইটি কানপুরের গবেষকরা। আইআইটি কানপুরের ডিরেক্টর অভয় করন্দিকর জানিয়েছেন, ২০২৩ সালে এটি প্রাণীদের ওপর পরীক্ষা করা হবে। সারা দেশ ও আইআইটি কানপুরের ১০ জন হৃদরোগ বিশেষজ্ঞের একটি দল এই কৃত্রিম হৃদপিণ্ডটি তৈরি করেছেন। এই গবেষণাটি সফল হলে, আগামী ২ বছরের মধ্যে এটি মানুষের শরীরে প্রতিস্থাপন করা সম্ভব হবে। প্রসঙ্গত উল্লেখ্য, হৃদরোগীদের জন্য স্টেন্ট-সহ এই ধরনের সরঞ্জাম ৮০% বিদেশ থেকে আমদানি করে ভারত। মাত্র ২০% সরঞ্জাম ভারতে তৈরি হয়।

❑ ২৮ তম 'কলতাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব'এ, 'ইন্টারন্যাশনাল কম্পিটিশন : ইনোভেশন ইন মুভিং ইমেজ' বিভাগে 'সেরা চলচ্চিত্র'এর পুরস্কার জিতে নিল বাংলাদেশের মুহাম্মদ কাইউম পরিচালিত চলচ্চিত্র 'কুড়া পক্ষীর শূন্যে উড়া'। স্পেনের 'আপন এন্ট্রি' চলচ্চিত্রের সঙ্গে যৌথভাবে 'গোল্ডেন রয়্যাল বেঙ্গল টাইগার পুরস্কার' পেল এই চলচ্চিত্রটি। প্রসঙ্গত উল্লেখ্য, এই উৎসবের আন্তর্জাতিক প্রতিযোগিতা বিভাগে একমাত্র বাংলাদেশি চলচ্চিত্র হিসাবে নির্বাচিত হয়েছিল 'কুড়া পক্ষীর শূন্যে উড়া'। দেশের হাওর অঞ্চলের শ্রমজীবী মানুষের জীবনসংগ্রামের গল্প নিয়ে তৈরি হয়েছে এই চলচ্চিত্রটি।




'ইন্ডিয়ান প্রিমিয়র লিগ'এর সর্বকালের সবথেকে বেশি দামে বিক্রি হলেন ইংল্যান্ড ক্রিকেট দলের তারকা অলরাউন্ডার স্যাম কারান। দক্ষিণ আফ্রিকার প্রাক্তন অলরাউন্ডার ক্রিস মরিসের (২০২১ সালে আইপিএল টুর্নামেন্টে রাজস্থান রয়্যালস ১৬ কোটি ২৫ লাখ টাকায় কিনেছিল তাঁকে) অতীত রেকর্ড ভেঙে, ১৮ কোটি ৫০ লাখ টাকার রেকর্ড দামে কারানকে দলে নিল 'পঞ্জাব কিংস'। ফলে, আইপিএল ইতিহাসের সবথেকে দামি ক্রিকেটারে পরিণত হলেন ২৪ বছর বয়সি কারান।

❑ ভারতের প্রথম মুসলিম মহিলা ফাইটার পাইলট ও রাজ্যের প্রথম আইএএফ পাইলট হতে চলেছেন উত্তর প্রদেশের মির্জাপুর দেহাত কোতোয়ালি থানার অন্তর্গত যশোভার গ্রামের বাসিন্দা সানিয়া মির্জা। 'ন্যাশনাল ডিফেন্স আকাদেমি' পরীক্ষায় উত্তীর্ণ হয়ে এই যোগ্যতা অর্জন করেছেন তিনি। ২৭ ডিসেম্বর, পুণের এনডিএ খাড়কওয়াসলায় যোগ দেবেন তিনি।

**বিশেষ বিজ্ঞপ্তি**

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

Karmasangsthan

❑ মালয়েশিয়ার কুয়ালালামপুরে, 'টপ অ্যারেনা জুনিয়র ইন্টারন্যাশনাল ব্যাডমিন্টন চ্যাম্পিয়নশিপ' জিতল অরুণাচল প্রদেশের ৭ বছর বয়সি পেতো সোবা। মালয়েশিয়ার জাবিল তেহকে হারিয়ে, অনূর্ধ্ব-৯ বিভাগে এই খেতাব জিতল সে। ২ মাসে এটি সোবার দ্বিতীয় আন্তর্জাতিক ব্যাডমিন্টন শিরোপা। এর আগে, নভেম্বরে তাইল্যান্ডের ব্যাঙ্ককে 'বিটিওয়াই ইয়োনেক্স সিওয়াই চ্যাম্পিয়নশিপ'এ অনূর্ধ্ব-৯ ছেলেদের বিভাগে সিঙ্গলস খেতাব জিতেছিলেন তিনি।

**২৪ ডিসেম্বর** : ফিজি'র প্রধানমন্ত্রী হলেন সিতিভেনি রবুকা।

❑ 'ইকুইটাস স্মল ফিনান্স ব্যাঙ্ক'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে আবার নিযুক্ত হলেন পি.এন.বাসুদেবন।

❑ মার্কিন যুক্তরাষ্ট্রের টেক্সাস থেকে কানাডার কেবেক পর্যন্ত কয়েক হাজার কিলোমিটার বিস্তীর্ণ এলাকা জুড়ে চলছে প্রবল তুষারঝড়। এই তুষারঝড়ের নাম দেওয়া হয়েছে 'বম্ব সাইক্লোন'। প্রায় ২০ কোটি মানুষ প্রভাবিত হয়েছে এই ঝড়ে। এই তুষারঝড়ের জেরে মিনেসোটা, আইওয়া, বাফেলো, নিউইয়র্ক, উইসকনসিন ও মিশিগানে দৃশ্যমানতা শূন্যে নেমে গিয়েছে। নিউইয়র্ক, জর্জিয়া, কেন্টাকি, ওকলাহোমা, উত্তর ক্যারোলিনা, পশ্চিম ভার্জিনিয়ায় সতর্কতা জারি রয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, 'বম্ব সাইক্লোন' হল এমন একটি সাইক্লোন, যেখানে ভূপৃষ্ঠের লাগোয়া বাতাস তাড়াতাড়ি বায়ুমণ্ডলে প্রবেশ করে। যার ফলে ব্যারোমেট্রিক চাপ কমতে শুরু করে। ২৪ ঘন্টার মধ্যে কমপক্ষে ২৪ মিলিবারের ব্যারোমেট্রিক চাপে আকস্মিক হ্রাস ঘটায়। এরপর বাতাস কুণ্ডলীকৃত হয়ে ঝড়ের রূপে ঘূর্ণি তৈরি করে। এই ঝড়ের চাপের তারতম্যের সঙ্গে বোমা বিস্ফোরণের সময়ের চাপের তারতম্যকে তুলনা করে এই ঝড়ের নাম দেওয়া হয়েছে 'বম্ব সাইক্লোন'।

❑ ২০২২ সালে ৩০ তম 'একলব্য পুরস্কার' পেলেন ভারতীয় সাইক্লিস্ট স্বস্তি সিং। পুরস্কার মূল্য হিসাবে ৫ লাখ টাকা ও একটি শংসাপত্র পেয়েছেন তিনি। জাতীয় পর্যায়ে ২টি সোনার পদক-সহ অনেক রুপোর পদক পেয়েছেন তিনি। স্বস্তি ছাড়াও, ফুটবল খেলোয়াড় প্যারি জাক্সা ও হকি খেলোয়াড় শিলান্দা লাকরাকেও এই পুরস্কার দেওয়া হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, তরুণ ক্রীড়া প্রতিভাদের উৎসাহিত করতে, ১৯৯৩ সাল থেকে এই পুরস্কার দেওয়া হচ্ছে। ওড়িশার সবথেকে মর্যাদাপূর্ণ ক্রীড়া পুরস্কার এটি।

❑ ২০২৩ সালে ওড়িশায়, এফআইএইচ পুরুষ হকি বিশ্বকাপের জন্য ১৮ সদস্যের ভারতীয় দল ঘোষণা করা হল। এই দলের অধিনায়কত্বে থাকছেন ডিফেন্ডার হরমনপ্রীত সিং। মনপ্রীত সিংয়ের জায়গায় দলের দায়িত্ব নেবেন তিনি। দলের সহ-অধিনায়ক করা হয়েছে ডিফেন্ডার অমিত রোহিদাসকে। ১৩ জানুয়ারি থেকে ২৯ জানুয়ারি পর্যন্ত চলবে এই টুর্নামেন্ট।

**২৫ ডিসেম্বর** : নেপালের প্রধানমন্ত্রী হলেন পুষ্প কমল দহাল ওরফে 'প্রচণ্ড'।

❑ পোর্টালের মাধ্যমেই ঘরে বসে খারাপ পণ্য সারাতে, 'রাইট টু রিপেয়ার' নামে একটি পোর্টাল চালু করলেন কেন্দ্রীয় খাদ্য ও ক্রেতা সুরক্ষা মন্ত্রী পীযূষ গোয়েল। যেখানে কোনো পণ্যের প্রস্তুতকারক সংস্থা বিভিন্ন পণ্যের ম্যানুয়াল প্রকাশ করবে। ফলে, পণ্য খারাপ হয়ে গেলে সেই ম্যানুয়াল দেখে ক্রেতা নিজে বা অন্য কোনো পক্ষকে দিয়ে তা সারাই করে নিতে পারবেন। এর ফলে, যেমন ক্রেতা উপকৃত হবেন, তেমন অন্যদিকে ওই ধরনের দোকানগুলিরও ব্যবসা বাড়বে। প্রাথমিকভাবে এই পোর্টালে মোবাইল ফোন, ইলেক্ট্রনিক্স, ভোগ্যপণ্য, অটোমোবাইল ও কৃষি সরঞ্জামগুলিতে ব্যবহৃত যন্ত্রপাতির জন্য সুবিধা পাওয়া যাবে।

❑ দিল্লি মেট্রোর নতুন করিডর চালু হল। নতুন এই স্টেশনে এবার সংযুক্ত হল নয়ডা-গ্রেটার নয়ডা, গুরুগ্রাম। নতুন এই করিডরের মধ্যে প্রায় ৪০০ কিলোমিটার নেটওয়ার্ক বিস্তৃত হয়েছে। সহোদরা থেকে তিস হাজারি পর্যন্ত প্রায় ৮.২ কিলোমিটার বিস্তৃত করা হল এই মেট্রো করিডর।

❑ দেশের প্রাক্তন প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ীর নামে একটি নক্ষত্রের নামকরণ করা হল। পৃথিবী থেকে ৩৯২.০১ আলোকবর্ষ দূরে অবস্থান করছে এই নক্ষত্রটি। 'ইন্টারন্যাশনাল স্পেস রেজিস্ট্রি সার্টিফিকেট'এর তরফ থেকে জানানো হয়েছে, ইন্টারন্যাশনাল স্পেস রেজিস্ট্রিতে ২৫ ডিসেম্বর একটি নক্ষত্র নথিভুক্ত করা হয়েছে। নক্ষত্রটির কোঅর্ডিনেট ১৪ ০৫ ২৫.৩-৬০ ২৮ ৫১.৯। নক্ষত্রটির নাম দেওয়া হয়েছে 'অটল বিহারী বাজপেয়ী জি', যার রেজিস্ট্রেশন নম্বর সিএক্স১৬৪০৮ইউএস। দাবি করা হচ্ছে, এটিই সূর্যের সবথেকে কাছের নক্ষত্র।

❑ দুর্নীতি ও অর্থ পাচার মামলায়, মলদ্বীপের প্রাক্তন প্রেসিডেন্ট আবদুল্লা ইয়ামিনকে ১১ বছরের কারাদণ্ড-সহ ৫০ লাখ মার্কিন ডলার জরিমানার আদেশ দিল দেশটির আদালত। একটি বেসরকারি কোম্পানির কাছ থেকে সুবিধা নেওয়ার অভিযোগ আনা হয়েছে তাঁর বিরুদ্ধে।

**২৬ ডিসেম্বর** : ভারতীয় সেনাবাহিনীর ইঞ্জিনিয়ার-ইন-চিফ হচ্ছেন লেফটেন্যান্ট জেনারেল অরবিন্দ ওয়ালিয়া।

**ভারতীয় রেল বোর্ডের চেয়ারম্যান ও চিফ এক্সিকিউটিভ অফিসার হচ্ছেন অনিল কুমার লাহোতি।**



❑ 'ফুড সেফটি অ্যান্ড স্ট্যান্ডার্ডস অথরিটি অফ ইন্ডিয়া'র চিফ এক্সিকিউটিভ অফিসার হলেন গঞ্জী কমল ভি.রাও।

❑ 'ন্যাশনাল হাইওয়ে অথরিটি অফ ইন্ডিয়া'র চেয়ারম্যান হলেন সন্তোষ কুমার।

সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

❑ 'নাইগলেরিয়া ফাউলেরি' অর্থাৎ, 'মস্তিষ্ক খাওয়া অ্যামিবা' সংক্রমণের প্রথম ঘটনা ধরা পড়ল দক্ষিণ কোরিয়ায়। তাইল্যান্ড থেকে ফেরার পর, মারা যাওয়া একজন কোরিয়ান নাগরিক 'নাইগলেরিয়া ফাউলেরি'তে আক্রান্ত হয়েছিলেন বলে নিশ্চিত করেছে 'কোরিয়া ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন এজেন্সি'। এটি এমন একটি রোগ, যা মানুষের মস্তিষ্ককে নষ্ট করে দেয়। 'নাইগলেরিয়া ফাউলেরি' হল একটি অ্যামিবা, যাদের সাধারণত উষ্ণ মিঠে জলের হ্রদ, নদী, খাল ও পুকুরে পাওয়া যায়। এই রোগটি দক্ষিণ কোরিয়ায় রিপোর্ট করা প্রথম সংক্রমণ, যা প্রথম মার্কিন যুক্তরাষ্ট্রে ১৯৩৭ সালে রিপোর্ট করা হয়েছিল।

❑ ২০২৩ সালে 'গ্রেট প্লেস টু ওয়ার্ক ইনস্টিটিউট'এর তরফ থেকে, 'কাজের জন্য চমৎকার পরিবেশ' সার্টিফিকেশন পেল 'টাটা স্টিল লিমিটেড'। একটি অন্তর্ভুক্তিমূলক ও টেকসই সংগঠন গড়ে তোলার ক্ষেত্রে অসামান্য প্রচেষ্টার জন্য, টানা ৬ বছর এই স্বীকৃতি পেল তারা।

❑ আনুষ্ঠানিকভাবে 'প্রধানমন্ত্রী গরিব কল্যাণ অন্ন যোজনা' বন্ধ করে দিচ্ছে কেন্দ্রীয় সরকার। এই প্রকল্পের আওতায়, দেশের ৮০ কোটি গরিব মানুষকে প্রতি মাসে বিনামূল্যে ৫ কেজি করে খাদ্যশস্য দেওয়া হয়। কোভিডের সময় থেকে চলা এই প্রকল্পের মেয়াদ শেষ হচ্ছে ডিসেম্বরেই। তবে, এই প্রকল্প বন্ধ হয়ে গেলেও 'জাতীয় খাদ্য সুরক্ষা আইন'এর আওতায় বিনামূল্যে রেশন দেওয়ার যে ঘোষণা কেন্দ্র করেছে, তা চলবে।

❑ অস্ট্রেলিয়ার বর্ষসেরা পুরুষ টেস্ট ক্রিকেটারের পুরস্কারের নাম বদলে প্রয়াত ক্রিকেটার শেন ওয়ার্নের নামে রাখা হল। এখন থেকে এই পুরস্কারের নাম হবে 'শেন ওয়ার্ন পুরস্কার'। অস্ট্রেলিয়া ও দক্ষিণ আফ্রিকার মধ্যে বক্সিং ডে টেস্ট চলার সময় সিএ ও এসিএ এই ঘোষণা করেছে। প্রসঙ্গত উল্লেখ্য, ২০২২ সালের ৪ মার্চ তাইল্যান্ডের কোহ সামুই দ্বীপে ছুটি কাটানোর সময় হৃদরোগে আক্রান্ত হয়ে মারা যান সর্বকালের সেরা এই স্পিনার।

☛ এরপর আগামী সপ্তাহে

**সঙ্কলক : পল্লবী দেওয়ান**

# বাংলায় প্রথম বন্দে ভারত এক্সপ্রেস

৩০ ডিসেম্বর, আহমেদাবাদ থেকে ভার্চুয়ালি, বাংলার প্রথম বন্দে ভারত এক্সপ্রেস ট্রেনের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী কুমার বৈষ্ণব, রাজ্যপাল সি.ভি.আনন্দ বোস ও রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। রাজ্যের প্রথম তথা দেশের সপ্তম বন্দে ভারত এক্সপ্রেস এটি। একনজরে এই ট্রেনের খুঁটিনাটি।



❑ হাওড়া স্টেশনের ২২ নম্বর প্ল্যাটফর্ম থেকে যাত্রা শুরু করল বন্দে ভারত এক্সপ্রেস।

❑ নিউ জলপাইগুড়ির উদ্দেশ্যে রওনা হল আপ ২২৩০১ হাওড়া-নিউ জলপাইগুড়ি বন্দে ভারত এক্সপ্রেস।

❑ এই ট্রেনে হাওড়া থেকে নিউ জলপাইগুড়ি পৌঁছাতে সময় লাগবে মোট সাড়ে ৭ ঘন্টা।

❑ হাওড়া স্টেশন থেকে নিউ জলপাইগুড়ির উদ্দেশ্যে ভোর ৫টা ৫৫ মিনিটে এই ট্রেন ছাড়বে। নিউ জলপাইগুড়ি পৌঁছাবে দুপুর ১টা ২০ মিনিটে। মাঝে বোলপুর (৭টা ৪৩ মিনিটে), মালদহ টাউন (১০টা ৩২ মিনিটে) ও বরসৌইয়ে (১১টা ৫০ মিনিটে) ট্রেন থামবে।

❑ আবার ডাউন ২২৩০২ বন্দে ভারত এক্সপ্রেস নিউ জলপাইগুড়ি স্টেশন থেকে হাওড়ার উদ্দেশ্যে ছাড়বে দুপুর ৩টে ৫ মিনিটে। হাওড়ায় পৌঁছাবে রাত ১০টা ৩৫ মিনিটে। মাঝে বরসৌই (৪টে ৪৪ মিনিটে), মালদহ টাউন (৫টা ৫০ মিনিটে) ও বোলপুরে (৮টা ২২ মিনিটে) ট্রেন থামবে।

❑ সপ্তাহে ৬ দিন চলবে এই ট্রেন। বুধবার ২ প্রান্ত থেকেই এই ট্রেনের চলাচল বন্ধ থাকবে।

❑ বন্দে ভারত এক্সপ্রেসের গতিবেগ ঘন্টায় সর্বাধিক ১৮০ কিলোমিটার। তবে, রেললাইনের কারণে হাওড়া-নিউ জলপাইগুড়ি রুটে এই ট্রেনের সর্বোচ্চ গতিবেগ ঘন্টায় ১৩০ কিলোমিটার পেরোবে না বলে মনে করা হচ্ছে। এই গতিবেগও সবজায়গায় এক থাকবে না।

❑ এই ট্রেনে ২ ধরনের কামরার ব্যবস্থা থাকছে। একটি হল এসি চেয়ার কার ও অন্যটি হল এক্সিকিউটিভ চেয়ার কার।

❑ আইআরসিটিসি'র তথ্য অনুযায়ী, এই ট্রেনের এসি চেয়ার কারের ভাড়া ১,৫৬৫ টাকা ও এক্সিকিউটিভ চেয়ার কারের ভাড়া ২,৮২৫ টাকা।

❑ চালকের জন্য ২টি-সহ মোট ১৬টি কামরা রয়েছে ট্রেনটিতে।

❑ এই ট্রেনে থাকছে মোট ১০৬টি সিসিটিভি ক্যামেরা, বসার আসনের নীচে প্রত্যেক যাত্রীর জন্য থাকছে আলাদা মোবাইল চার্জিং পয়েন্ট, রিডিং লাইটের সুবিধা-সহ আরও অত্যাধুনিক সুযোগ-সুবিধা। এছাড়াও থাকছে স্লাইডিং ফুটস্টেপ ও মেট্রো রেকের মতোই অটোমেটিক দরজা।

❑ যাত্রীদের জন্য এই ট্রেন পরিষেবা চালু হয়েছে ১ জানুয়ারি থেকে।

❑ হাওড়া-নিউ জলপাইগুড়ি বন্দে ভারত এক্সপ্রেস প্রথম চালাচ্ছেন অনিল কুমার। যিনি গত ৩২ বছর ধরেই ট্রেনের চালক হিসাবে দায়িত্ব পালন করেছেন। সহকারী লোকো পাইলট হিসাবে তাঁর সঙ্গে ছিলেন কমলেশ কুমার।

❑ এর আগে, সারা দেশে মোট ৬টি বন্দে ভারত এক্সপ্রেস চালু হলেও, কলকাতা তথা পূর্ব ভারতের জন্য এটিই প্রথম বন্দে ভারত এক্সপ্রেস।

❑ ২০১৯ সালে প্রথমবার বন্দে ভারত এক্সপ্রেস ট্রেন চালু করেছিল ভারতীয় রেল।

❑ প্রসঙ্গত উল্লেখ্য, বন্দে ভারত এক্সপ্রেসের প্রথম ৬টি রুট রয়েছে দিল্লি থেকে বারাণসী, দিল্লি থেকে কাটরা, গান্ধীনগর থেকে মুম্বই, নয়া দিল্লি থেকে হিমাচল প্রদেশের অম্ব অন্দৌরা, চেন্নাই থেকে মহীশউরু ও বিলাসপুর থেকে নাগপুর।

## এয়ারপোর্ট অথরিটিতে

১ পাতার পর

২৭ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৯৫ থেকে ১-১-২০০৪'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। চাকরি হবে ৩ বছরের চুক্তিতে।

**মূল মাইনে** : বেসিক পে ১৫,০০০ টাকা। এছাড়াও হাউস রেন্ট অ্যালাউন্স ৯%/১৮%/২৭%, যাতায়াত খরচ ২,০০০ টাকা, মেডিক্যাল আউটডোর ১,০০০ টাকা, ধোবী ভাতা ২,০০০ টাকা, স্ক্রিনার ভাতা ২,০০০ টাকা, এ.ভি.এস.ই.সি. ভাতা ২,৫০০ টাকা, স্পেশাল ভাতা ২৫০ টাকা। বার্ষিক ইনক্রিমেন্ট ৩%।

**শূন্যপদ** : ৪০০টি (প্যান ইন্ডিয়া)।

**প্রার্থী বাছাই পদ্ধতি** : প্রার্থী বাছাই হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। তারপর হবে ডাক্তারি পরীক্ষা।

**দরখাস্ত করার পদ্ধতি** : দরখাস্ত করবেন অনলাইনে, এই ওয়েবসাইটে : www.aaiclas.aero অনলাইনে দরখাস্ত করার আগে CHSL/CGL পরীক্ষার (২০১৯/২০২০/২০২১ সালের) টায়ার-I-এর রেজাল্ট কার্ড, এখনকার তোলা ১ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো (২০ কেবির মধ্যে) আর সিগনেচার (২০ কেবির মধ্যে) স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

Karmasangsthan

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

**চা**করির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এইনম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## স্টাফ সিলেকশনের

■ *পশ্চিমবঙ্গ স্টাফ সিলেকশন কমিশন গঠন হয়েছে কি? নতুন বিজ্ঞপ্তি কবে বেরোবে? — বিশ্বজিৎ বিশ্বাস, ডাখোলা, উত্তর দিনাজপুর।*

■■ পশ্চিমবঙ্গ স্টাফ সিলেকশন কমিশন নতুনভাবে গঠিত হয়েছে। আগের থেকে ঢেলে সাজানো হয়েছে। এবছরই পশ্চিমবঙ্গ স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে নিয়োগ হবে।

■ *কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেলের বিজ্ঞপ্তি বেরিয়েছে কি? শিক্ষাগত যোগ্যতা ও বয়স জানাবেন। — রীতা ঘোষ, বড়জাগুলিয়া, নদিয়া। কাজল বণিক, হাবড়া, উত্তর ২৪ পরগনা।*

■■ কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রকালয়, বিভাগ ও অফিসে কাজের জন্য 'লোয়ার ডিভিশন ক্লার্ক / জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট' ও 'ডাটা এন্ট্রি অপারেটর' পদে ৪,৫০০ জন ছেলেমেয়ে নেওয়ার জন্য ২০২২ সালের কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল-এর বিজ্ঞপ্তি গত বছর বেরিয়েছে। দরখাস্ত করার শেষ তারিখ ৪ জানুয়ারি। উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩৫টি শব্দ তোলার গতি থাকলে কিংবা প্রতি ঘন্টায় ১০,৫০০ কী ডিপ্রেশনে গতি থাকলে 'লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট/জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট' পদের জন্য আবেদন করতে পারেন। উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে ডাটা এন্ট্রির কাজে ঘন্টায় অন্তত ৮,০০০ কী ডিপ্রেশনে গতি থাকলে 'ডাটা এন্ট্রি অপারেটর (ডাটা এন্ট্রি অপারেটর গ্রেড-এ কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল অফ ইন্ডিয়া ছাড়া) পদের জন্য যোগ্য। অঙ্ক অন্যতম বিষয় হিসাবে নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে ডাটা এন্ট্রির কাজে ঘন্টায় অন্তত ১৫,০০০ কী ডিপ্রেশনে গতি থাকলে 'ডাটা এন্ট্রি অপারেটর গ্রেড-এ কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল অফ ইন্ডিয়া' পদের জন্য আবেদন করতে পারেন। বয়স হতে হবে ০১-০১-২০২২'র হিসাবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। প্রার্থী বাছাইয়ের জন্য দু'টি পর্যায়ের পরীক্ষা হবে। প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড পরীক্ষা হবে ফেব্রুয়ারি-মার্চ নাগাদ। দ্বিতীয় পর্যায়ের কম্পিউটার বেসড পরীক্ষা কবে হবে তা পরে জানানো হবে।

এই পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের ২০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে এই ৪টি পার্টে : (ক) জেনারেল ইন্টেলিজেন্স - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (খ) ইংলিশ ল্যাঙ্গোয়েজ (বেসিক নলেজ) - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (গ) কোয়ান্টিটেটিভ অ্যাপিটিউড (বেসিক অ্যারিথমেটিক স্কিল) - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (ঘ) জেনারেল অ্যাওয়ারনেস - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন। সময় ৬০ মিনিট। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। লিখিত পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। সফল হলে দ্বিতীয় পর্যায়ের পরীক্ষা। দ্বিতীয় ধাপের (দ্বিতীয় টায়ার) পরীক্ষায় থাকবে ৩টি পেপার। প্রথম পেপারে সেশন-।'এ থাকবে ৩টি সেকশন। সেকশন-১'এ থাকবে ১৮০ নম্বরের ৬০টি প্রশ্ন। এইসব বিষয়ে : (ক) ম্যাথমেটিক্যাল এবিলিটি-৩০টি প্রশ্ন, (খ) রিজনিং অ্যান্ড জেনারেল ইন্টেলিজেন্স-৩০টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নে থাকবে ৩ নম্বর। সেকশন-২'এ থাকবে ১৮০ নম্বরের ৬০টি প্রশ্ন। এইসব বিষয়ে : (ক) ইংলিশ ল্যাঙ্গোয়েজ ও কমপ্রিহেনশন-৪০টি প্রশ্ন, (খ) জেনারেল অ্যাওয়ারনেস - ২০টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নে থাকবে ৩ নম্বর। সেকশন -১ ও সেকশন -২-এ সময় থাকবে ১ ঘন্টা। সেকশন-৩'এ থাকবে ৪৫ নম্বরের ১৫টি প্রশ্ন কম্পিউটার নলেজ মডিউল-১। প্রতিটি প্রশ্নে থাকবে ৩ নম্বর। সময় ১৫ মিনিট। দ্বিতীয় ধাপের (সেকেন্ড টায়ার) পরীক্ষা কবে হবে তা পরে জানানো হবে।

ওপরের ওইসব পেপারেই প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। প্রথম ও দ্বিতীয় ধাপের পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। টায়ার-।'এর বেলায় প্রতিটি প্রশ্নের ভুল উত্তর দিলে প্রাপ্ত নম্বর থেকে ০.৫০ নম্বর কাটা হবে। টায়ার-।।'এর বেলায় সেকশন-১, সেকশন-২ ও সেকশন -৩'এর মডিউল-১'এর প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে।

সেকশন-।।।-তে থাকবে স্কিল টেস্ট বা, টাইপিং টেস্ট। ডাটা এন্ট্রি অপারেটর পদের বেলায় ১৫ মিনিটের স্কিল টেস্ট হবে আর লোয়ার ডিভিশন ক্লার্ক বা, জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট পদের বেলায় ১৫ মিনিটের টাইপিং টেস্ট হবে। পরীক্ষা সংক্রান্ত আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.ssc.nic.in

## পি.এস.সি.'র

■ *কৃষি প্রযুক্তি সহায়ক পদের জন্য বয়স, শিক্ষাগত যোগ্যতা জানাবেন। — রাজু অধিকারী, পিপলি, গাইগাটা, উত্তর ২৪ পরগনা।*

■■ যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। গ্র্যাজুয়েট বা, পোস্ট গ্র্যাজুয়েট ছেলেমেয়েরাও আবেদনের যোগ্য। বাংলা ভাষায় লিখতে, বলতে ও পড়তে জানা দরকার। বয়স হতে হবে ১৮ থেকে ৩৭ বছরের মধ্যে।

■ *মোটর ভেহিক্যাল ইন্সপেক্টর (নন-টেকনিক্যাল) পদের পরীক্ষা কবে হয়? এই পরীক্ষার জন্য শিক্ষাগত যোগ্যতা, বয়স, প্রার্থী বাছাই পদ্ধতি জানাবেন। কবে বিজ্ঞপ্তি বেরোবে? — মিলন দত্ত, ত্রিবেণী, হুগলি।*

■■ রাজ্য সরকারের পরিবহণ দফতরে কাজের জন্য 'মোটর ভেহিক্যাল ইন্সপেক্টর (নন-টেকনিক্যাল)' পদে প্রতি বছরই প্রায় লোক নেওয়া হয়। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৭০ (তপশিলী উপজাতি ও পাহাড়ি এলাকার প্রার্থীদের বেলায় ১৬০) সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৮১ সেমি ও ফুলিয়ে ৮৬ সেমি। মোটর মেকানিজম ও ড্রাইভিংয়ের কাজে জ্ঞান থাকলে ভালো হয়। বয়স হতে হবে ৩৯ বছরের মধ্যে। তপশিলী সম্প্রদায়ের প্রার্থীরা ৫ বছর, অন্যান্য অনগ্রসর সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, দৈহিক প্রতিবন্ধীরা (৪০% ও তার বেশি হলে) ১৩ বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সের ছাড় পাবেন। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা ও গ্রেড পে ৩,৯০০ টাকা। প্রার্থী বাছাই করবে 'পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন'। প্রথমে স্ক্রিনিং টেস্ট / লিখিত পরীক্ষা হয়। সফল হলে ইন্টারভিউ। ২০০ নম্বরের পরীক্ষায় ১০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) সায়েন্স ও হিউম্যানিটিজ -সহ জেনারেল স্টাডিজ ৭৫টি প্রশ্ন, (২) অ্যারিথমেটিক ২৫টি প্রশ্ন। প্রশ্ন হবে মাধ্যমিক মানের। সময় থাকবে দেড় ঘন্টা। এরপর হবে ৫০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট। বিজ্ঞপ্তি বেরোলে বিস্তারিত তথ্য 'কর্মসংস্থানে' দেওয়া হয়। এছাড়াও পাবেন এই ওয়েবসাইটে : www.pscwbapplication.in

## প্রাইমারি টিচারের

■ *সি-টেট পাশরা কি প্রাইমারির ইন্টারভিউয়ের জন্য যোগ্য? — নূপুর বিশ্বাস, বাদামতলা, খড়গপুর, মেদিনীপুর।*

■■ কলকাতা হাই কোর্টের নির্দেশে 'সি-টেট' পাশরা প্রাইমারির ইন্টারভিউয়ের জন্য যোগ্য। এমনই নির্দেশ কলকাতা হাই কোর্টের। সম্প্রতি প্রাথমিক শিক্ষা পর্ষদ এক বিজ্ঞপ্তিতে জানায়, 'সি-টেট' পাশরা প্রাইমারির ইন্টারভিউয়ের জন্য দরখাস্ত করতে পারবেন। খুব শিগগিরই ওঁদের দরখাস্ত নেওয়া হবে।

■ *২০১৭ সালের 'টেট'এ সফল যাঁদের বয়স ৪০ বছরের বেশি হয়ে গেছে, তাঁরা কি এবারের প্রাইমারির ইন্টারভিউয়ের জন্য দরখাস্ত করতে পারবে? — মনিকা দাস, বহরমপুর, মুর্শিদাবাদ।*

■■ হ্যাঁ, পারবেন। ২০১৭ সালের প্রাইমারি 'টেট' পরীক্ষায় যাঁরা কোয়ালিফাই করেছেন কিন্তু বয়স ৪০ বছরের বেশি হয়ে গেছে, তাঁরাও এবার প্রাইমারির ইন্টারভিউয়ের জন্য দরখাস্ত করতে পারবেন। ১২-৫-২০১৭ থেকে ২৭-১২-২০২২'এর মধ্যে যে সব প্রার্থী ২০১৭ সালের প্রাইমারি 'টেট' পাশ করেছেন কিন্তু বয়স ৪০ বছরের বেশি হয়ে গেছে, তাঁরাও ২০২২ সালের প্রাইমারি টিচার নিয়োগের পরীক্ষায় অর্থাৎ, ইন্টারভিউয়ে অংশ নিতে পারবেন। ওইসব প্রার্থীরা অনলাইনে কবে থেকে দরখাস্ত করতে পারবেন সে বিষয়ে বিস্তারিত তথ্য ওয়েবসাইটে দেওয়া হবে। পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ ২৭ ডিসেম্বর এক বিজ্ঞপ্তিতে একথা জানায়।

## পশ্চিমবঙ্গ পুলিশে

■ *পশ্চিমবঙ্গ পুলিশ ও কলকাতা পুলিশের সাব-ইন্সপেক্টর পদের জন্য বয়স, শিক্ষাগত যোগ্যতা ও শরীরের মাপজোখ কেমন থাকা দরকার? — মনোজিৎ ঘোষ, ন'পাড়া, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

■■ যেকোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা ২০ থেকে ২৭ বছরের মধ্যে বয়স থাকলে কলকাতা ও রাজ্য পুলিশের সাব-ইন্সপেক্টর পদের জন্য আবেদন করতে পারেন।

পশ্চিমবঙ্গ পুলিশের 'সাব-ইন্সপেক্টর (আন-আর্মড)' পদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৬৭ (তপশিলী উপজাতিদের বেলায় ১৬০) সেমি, ওজন অন্তত ৫৬ (তপশিলী উপজাতিদের বেলায় ৫২ কেজি) আর বুকের ছাতি না-ফুলিয়ে ৭৪ (তপশিলী উপজাতিদের বেলায় ৭১ সেমি) ও ৫ সেমি প্রসারণক্ষম হতে হবে। পশ্চিমবঙ্গ পুলিশের 'সাব-ইন্সপেক্টর (আর্মড)' পদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৭৩ (তপশিলী উপজাতিদের বেলায় ১৬৩) সেমি, ওজন অন্তত ৬০ (তপশিলী উপজাতিদের বেলায় ৫৪ কেজি) আর বুকের ছাতি না-ফুলিয়ে ৮১ (তপশিলী উপজাতিদের বেলায় ৭৬ সেমি) ও ৫ সেমি প্রসারণক্ষম হতে হবে।

পশ্চিমবঙ্গ পুলিশের 'লেডি সাব-ইন্সপেক্টর (আন-আর্মড)' পদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬০ (তপশিলী উপজাতিদের বেলায় ১৫৫) সেমি, ওজন অন্তত ৪৮ (তপশিলী উপজাতিদের বেলায় ৪৫) কেজি।

কলকাতা পুলিশের 'সাব-ইন্সপেক্টর' পদের জন্য শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৬৭ সেমি, ওজন অন্তত ৫৬ কেজি আর বুকের ছাতি না-ফুলিয়ে ৭৪ সেমি ও ৫ সেমি প্রসারণক্ষম হতে হবে। 'লেডি-সাব-ইন্সপেক্টর' পদের জন্য শরীরের মাপজোখ হতে হবে মেয়েদের বেলায় লম্বায় অন্তত ১৬০ সেমি আর ওজন অন্তত ৪৮ কেজি।

'সার্জেন্ট' পদের জন্য ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৭৩ সেমি, ওজন অন্তত ৬০ কেজি আর বুকের ছাতি না-ফুলিয়ে ৮১ সেমি ও ৫ সেমি প্রসারণক্ষম হতে হবে। মহিলারা এই পদে যোগ্য নন।

■ *পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের বয়সসীমা ২৭ বছর থেকে বাড়িয়ে ৩০ বছর হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছিলেন। কবে থেকে নতুন বয়স কার্যকরী হবে? — বর্ণালী ব্যানার্জী, আখিরা, রামপুরহাট, বীরভূম।*

■■ এবছর কনস্টেবল পদের নতুন যে বিজ্ঞপ্তি বেরোবে তাতে নতুন বয়স কার্যকরী হবে।

## রেলে চাকরির

■ *রেলের গ্রুপ-ডি ও এন.টি.পি.সি.'র নতুন বিজ্ঞপ্তি কবে বেরোবে? — প্রদীপ সরকার, নদিয়া।*

■■ এবছরের মাঝামাঝি নাগাদ নতুন বিজ্ঞপ্তি বেরোনোর সম্ভাবনা আছে।

■ *রেলের গ্রুপ-ডি পদের লিখিত পরীক্ষার ফল বেরিয়েছে কি? — অর্পণ মাঝি, গোপালনগর, বনগাঁও, উত্তর ২৪ পরগনা।*

■■ হ্যাঁ, ফল বেরিয়েছে।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| দুর্গাপুর স্টিল প্ল্যান্টে টেকনিশিয়ান | ITI ও ডিপ্লোমা | ৫৯ | ৭-১-২৩ | www.sail.co.in |
| এয়ারপোর্টস অথরিটিতে জুনিয়র এক্সিকিউটিভ | গ্র্যাজুয়েট | ৫৯৬ | ১১-১-২৩ | www.airportsindia.org.in |
| কোলফিল্ডে সার্ভেয়র | ডিপ্লোমা | ২৯৫ | ২৩-১-২৩ | www.mahanadicoal.in |
| মধ্য রেলে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক, ITI | ১৩৫ | ১৫-১-২৩ | www.rrccr.com |
| নিউক্লিয়ার পাওয়ার কর্পোঃ অ্যাসিস্ট্যান্ট, স্টেনো | ডিপ্লোমা, আই.টি.আই. | ৮৬ | ৬-১-২৩ | www.npcilcareers.co.in |
| আই.আই.টি. কানপুরে জুনিয়র টেকনিশিয়ান | ডিগ্রি ও ডিপ্লোমা | ১০০ | ৯-১-২৩ | www.iitk.ac.in/infocell/recruitment |
| মুর্শিদাবাদ জেলায় অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকা | এইট পাশ ও মাধ্যমিক | - | ৭-১-২৩ | www.recruitmentmurshidabad.in |
| বীরভূম জেলায় আশাকর্মী | মাধ্যমিক | ২৩২ | ২০-১-২৩ | www.birbhum.nic.in |
| রাজ্যে ভেটেরিনারি অফিসার | গ্র্যাজুয়েট | ১৫৮ | ২০-২-২৩ | www.pscwbapplication.in |
| জবলপুর ক্যান্টনমেন্ট বোর্ডে গ্রুপ-ডি | এইট, মাধ্যমিক | ৪৪ | ৮-১-২৩ | www.mponline.gov.in |
| এয়ারপোর্টস অথরিটিতে জুনিয়র এক্সিকিউটিভ | ডিগ্রি | ৩৫৬ | ২১-১-২৩ | www.aai.aero |
| ন্যাশনাল টেকনিক্যাল রিসার্চ অর্গানাইজেশনে অ্যাসিস্ট্যান্ট | ডিগ্রি | ১৮২ | ২১-১-২৩ | https://recruit-ndl.neilit.gov.in |
| ইসরোতে অ্যাসিস্ট্যান্ট, ক্লার্ক স্টেনোগ্রাফার | ডিগ্রি | ৫২৬ | ৯-১-২৩ | www.isro.gov.in |
| পোর্ট ট্রাস্ট অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক ও ITI | ৫০ | ১০-১-২৩ | www.apprenticeshipindia.org |
| ইউ.পি.এস.সি.'র এন.ডি.এ. পরীক্ষার মাধ্যমে আর্মি, নেভিতে অফিসার | উচ্চমাধ্যমিক | ৩৯৫ | ১০-১-২৩ | www.upsconline.nic.in |
| ইউ.পি.এস.সি.'র সি.ডি.এস. পরীক্ষার মাধ্যমে আর্মি, নেভিতে অফিসার | গ্র্যাজুয়েট | ৩৪১ | ১০-১-২৩ | www.upsconline.nic.in |
| বার্ণপুর স্টিল প্ল্যান্টে টেকনিশিয়ান | ডিপ্লোমা আই.টি.আই. | ১৩৩ | ১০-১-২৩ | www.sail.co.in |

Karmasangsthan

## GENERAL KNOWLEDGE

1. The capital of Pakistan till 1959 was :
(a) Islamabad (b) Karachi (c) Lahore (d) Hyderabad
2. The author of the book "India Wins Freedom : The Complete Version" is :
(a) Kuldeep Nayyar (b) Maulana Abul Kalam Azad (c) Jawahar Lal Nehru (d) Indira Gandhi
3. What is quorum required for convening the Lok Sabha?
(a) $\frac{1}{6}$ th (b) $\frac{1}{8}$ th (c) $\frac{1}{10}$ th (d) $\frac{1}{5}$ th
4. In the Parliamentary form of Government "He is the first among equals". Who is he?
(a) President (b) Prime Minister (c) Leader of Opposition (d) Speaker of lower house
5. Gandhiji's movement of boycotting the foreign goods aimed at :
(a) Full independence (b) Creating anti-British sentiment (c) Promotion of welfare state (d) Promotion of cottage industries
6. What is the maximum age limit prescribed for the post of the President of India ?
(a) 58 years (b) 60 years (c) 62 years (d) There is no maximum age limit
7. The author of the book 'The Story of My Experiments With Truth' is :
(a) Maulana Abul Kalam Azad (b) Govind Ballabh Pant (c) Mahatma Gandhi (d) Tara Ali Baig
8. The relationship between the value of money and the price level in an economy is :
(a) Direct (b) Inverse (c) Proportional (d) Stable
9. Depreciation equal to :
(a) Gross National Product - Net National Product (b) Net National Product - Gross National Product (c) Gross National Product - Personal Income (d) Personal Income - Personal Taxes
10. Which one of the following rivers forms an estuary?
(a) Narmada (b) Kaveri (c) Krishna (d) Mahanadi
11. The Nagarjuna Sagar Dam is constructed on the river
(a) Krishna (b) Chambal (c) Kosi (d) Sutlej
12. Who said 'Swaraj is my birthright and I shall have it'?
(a) Mahatma Gandhi (b) Bal Gangadhar Tilak (c) Gopal Krishna Gokhale (d) Bhimrao Ramji Ambedkar
13. 'Charak' was the famous court physician of :
(a) Harsha (b) Chandragupta Maurya (c) Ashoka (d) Kanishka
14. The resources which can be used continuously, year-after-year are called :
(a) Biotic (b) Abiotic (c) Non-renewable (d) Renewable
15. The coast that belongs to Kerala known as :
(a) Konkan Coast (b) Malabar Coast (c) Coromandel Coast (d) Canara Coast
16. Great Stupa at Sanchi is in :
(a) Uttar Pradesh (b) Madhya Pradesh (c) Arunachal Pradesh (d) Andhra Pradesh
17. Why do birds not have respiratory trouble at the time of flying at high altitude?
(a) Their lungs are very large (b) They fly inactively (c) They have extra air sacs (d) They use less oxygen
18. After the Chauri-Chaura incident, Gandhiji suspended the :
(a) Civil Disobedience Movement (b) Khilafat Movement (c) Non-Cooperation Movement (d) Quit India Movement
19. Refrigerators keep food unspoiled because :
